

যুক্তরাষ্ট্রে নির্বিচার গুলিতে নিহত ৪

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের মিসিসিপি অঙ্গরাজ্যে নির্বিচার গুলির এক ঘটনায় চারজন নিহত হয়েছেন। এ ঘটনায় ও আরও ১২ জন আহত হয়েছেন। আহতদের ৯-এর পৃষ্ঠায় দেখুন



রেডিয়েশন থেরাপি নিচ্ছেন প্রস্টেট ক্যান্সারে আক্রান্ত বাইডেন

বাংলা পত্রিকা রিপোর্ট: প্রস্টেট ক্যান্সারের আক্রমণাত্মক ধরনে আক্রান্ত হওয়া যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট জো বাইডেন নতুন চিকিৎসার মধ্য দিয়ে যাচ্ছেন। শনিবার (১১ অক্টোবর) তার মুখপাত্র জানিয়েছেন, বাইডেনের রেডিয়েশন থেরাপি চলছে। ৯-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 30 ॥ Issue 03 / October 13, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ॥ সংখ্যা ০৩ ॥ সোমবার, অক্টোবর ১৩, ২০২৫, আশ্বিন ২৮, ১৪৩২ ॥ রবিউস সানি ২০, ১৪৪৭

যুক্তরাষ্ট্রে বাড়ছে হাউজ বাজেয়াপ্তের সংখ্যা

ঋণখেলাপির হয়ে স্বপ্নের বাড়িটি হারাচ্ছেন হাজারো গৃহ মালিক



বাংলা পত্রিকা রিপোর্ট: লাগামছাড়া খরচ বৃদ্ধি, উচ্চসুদসহ একের পর এক ব্যায় মেটাতে গিয়ে ঋণখেলাপির হয়ে পড়ে যুক্তরাষ্ট্রের হাজারো গৃহ মালিকরা তাদের স্বপ্নের বাড়িটি হারাচ্ছেন। কোভিড ১৯ এরপর যুক্তরাষ্ট্রজুড়ে আবারো দ্রুত বাড়ছে ফোরক্লোজারের বা বাজেয়াপ্ত সংখ্যা। যুক্তরাষ্ট্রে চলতি বছর ২০২৫ সালের আগস্ট মাস পর্যন্ত প্রায় ৩৫ হাজারের বেশি গৃহ মালিকরা ঋণখেলাপির হয়ে পড়ে তাদের বাড়ি হারিয়েছেন।

বিশ্লেষকেরা বলছেন, বাড়ির মালিকানা ধরে রাখার খরচই এখন সবচেয়ে বড় বোঝা হয়ে উঠেছে। বীমার প্রিমিয়াম, সম্পত্তি কর, মেরামতের খরচ সবকিছু আকাশছোঁয়া। একক পরিবারের জন্য গৃহবীমার বার্ষিক গড় ব্যয় এখন ২ হাজার ৩৭০ ডলার, যা পাঁচ বছরের মধ্যে প্রায় ৭০ শতাংশ বেড়েছে। এর সঙ্গে যুক্ত হয়েছে উচ্চসুদে ঋণ ও চাকরির বাজারে মন্দা, যা অনেক পরিবারকে অচলাবস্থায় ফেলছে।

সিবিএস'র প্রতিবেদনে বলা হয়, কেন্টাকির হিলভিউ শহরে চার শোবার ঘরের বাড়িতে থাকতেন ৫৭ বছর বয়সী কিম্বারলি ড্র্যাক্সলার। এপ্রিল মাসে তিনি যখন মর্টগেজ কোম্পানিতে ফোন করলেন, তখন জানানো হলো তার বাড়িটি কয়েক দিনের মধ্যেই নিলামে ৯-এর পৃষ্ঠায় দেখুন

চাকরি হারাচ্ছেন ফেডারেল কর্মীরা: সেনাবাহিনীসহ সরকারি সংস্থায় সংকট

যুক্তরাষ্ট্রে টানা শাটডাউন



বাংলা পত্রিকা রিপোর্ট: টানা ১১ দিনেরও বেশি সময় ধরে চলমান শাটডাউনের (অচলাবস্থা) পরিপ্রেক্ষিতে যুক্তরাষ্ট্রজুড়ে হাজার হাজার ফেডারেল কর্মী ছাঁটাইয়ের ঘোষণা দিয়েছে হোয়াইট হাউস। আর এই সিদ্ধান্তের জন্য ডেমোক্র্যাটদেরই দায়ী করছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

ফেডারেল প্রতিষ্ঠানগুলোর মধ্যে কর্মী ছাঁটাই এবং অপ্রাপ্ত বেতন নিয়ে উদ্বেজনা বাড়ছে। ফেডারেল কর্মীরা বর্তমানে অর্ধেক বেতন পাচ্ছেন এবং সেনাবাহিনীর বেতন ১৫ অক্টোবর থেকে আটকে থাকার আশঙ্কা রয়েছে।

এদিকে সেনাবাহিনীসহ বিভিন্ন সরকারি সংস্থার কর্মচারীরা বড় ধরনের সংকটের মুখে পড়েছেন। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, তিনি প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথকে নির্দেশ দিয়েছেন যেন সেনাসদস্যদের বেতন সময়মতো নিশ্চিত করতে "সব ধরনের প্রাপ্য অর্থ ব্যবহার" করা হয়।

হাউস স্পিকার মাইক জনসন বলেছেন, "আমরা ভালো মেজাজে নেই।" শুক্রবার থেকেই ফেডারেল ৯-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্কে 'সাবওয়ে সার্ফিংয়ে' বাড়ছে মৃত্যু



বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে 'সাবওয়ে সার্ফিং' অর্থাৎ ট্রেনের ছাদে চড়ে ছুটে চলা দুঃসাহসিক এক খেলায় মেতে প্রাণ হারাচ্ছেন অনেক কিশোর-কিশোরী। এখন তা ভয়াবহ রূপ নিয়েছে। ডজনখানেক কিশোর গত কয়েক বছরে সাবওয়ে সার্ফিংয়ে প্রাণ হারিয়েছে বা গুরুতর আহত হয়েছে। এদের মধ্যে কেউ পড়ে গিয়ে, কেউ বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা যান।

সম্প্রতি সাবওয়ে সার্ফিং করতে গিয়ে ১২ ও ১৩ বছর বয়সী দুই কিশোরীর মর্মান্তিক মৃত্যু হয়। এ নিয়ে এমটিএ প্রেসিডেন্ট ডেমেট্রিয়াস ক্রিচলো বলেন, "চলন্ত ট্রেনের ছাদে ওঠা কোনো সার্ফিং নয় এটা আত্মহত্যা।"

কিশোরদের এই বিপজ্জনক খেলা ঠেকাতে এমটিএ নানান উদ্যোগ নিচ্ছে র‍্যাপার কার্ডি বি-কে নিয়ে নতুন সচেতনতামূলক প্রচারণা, ড্রোন ব্যবহার করে নজরদারি, এমনকি কমিক- ৯-এর পৃষ্ঠায় দেখুন

যুক্তরাষ্ট্রে বিস্ফোরক কারখানায় বিস্ফোরণ, ১৬ জন নিহত

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের টেনেসি অঙ্গরাজ্যের একটি বিস্ফোরক কারখানায় বড় ধরনের বিস্ফোরণের ঘটনায় ১৬ জন নিহত হয়েছেন। স্থানীয় কর্তৃপক্ষ গতকাল শনিবার এ তথ্য দিয়েছে।

গত শুক্রবার বাক্সনর্ট শহরে একিউরেট এনার্জেটিক সিস্টেমস নামের একটি প্রতিষ্ঠানের মালিকানাধীন কারখানায় এ বিস্ফোরণের ঘটনা ঘটে। প্রতিষ্ঠানটি সামরিক কাজ ও কোনো কিছু গুঁড়িয়ে দেওয়ার কাজে ব্যবহারের জন্য বিস্ফোরক তৈরি করে থাকে।

বিভিন্ন সংবাদ প্রতিবেদনে বলা হয়, বিস্ফোরণে ওই কারখানার একটি ভবন পুরোপুরি ধ্বংস ৯-এর পৃষ্ঠায় দেখুন

চলতি বছরে ৬ লাখ অবৈধ অভিবাসীকে বহিষ্কার করবে আইস

বাংলা পত্রিকা রিপোর্ট: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অভিবাসন বিরোধী অভিযানে চলতি বছরে অন্তত ৬ লাখ অবৈধ অভিবাসীকে বহিষ্কারের লক্ষ্যমাত্রা নিয়ে অভিযান চালাচ্ছে। ২০ জানুয়ারি থেকে আগস্ট পর্যন্ত প্রায় ৫ লাখ আনডকুমেন্টেড অভিবাসীকে যুক্তরাষ্ট্র থেকে বহিষ্কার করা হয়েছে জানায় ডিপার্টমেন্ট অব হামল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস)। তবে অভিবাসী বিতাড়নের সংখ্যা নিয়ে একাধিক ভিন্ন তথ্য মিলেছে গণমাধ্যমে।

এছাড়া এর প্রভাবে চলতি বছরের জানুয়ারি থেকে এখন পর্যন্ত প্রায় ২০ লাখ মানুষ দেশ ছেড়েছে স্বেচ্ছায় ও আইনি প্রক্রিয়ায় দাবি ডিএইচএস'র।

ডিএইচএস-এর তথ্যমতে, ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) এ পর্যন্ত ৪ লাখ ৯৩ হাজারের বেশি অভিবাসীকে জোরপূর্বক ফেরত পাঠিয়েছে, আর ১৬ লাখের বেশি মানুষ নিজেরাই দেশে ফিরে গেছেন। ট্রাম্প প্রশাসনের দাবি, এটি তার নির্বাচনী প্রতিশ্রুতির "ঐতিহাসিক বাস্তবায়ন" দেশে প্রবেশ করা "অবৈধ অনুপ্রবেশকারীদের" দ্রুত বহিষ্কার।

ডিএইচএস মুখপাত্র ট্রিসিয়া ম্যাকলাফলিন বলেন, "ট্রাম্প ও স্বরাষ্ট্র ৯-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এআই অর্থনীতির জন্য আশঙ্কা-মতামত বিশ্লেষকদের

ওয়াল স্ট্রিটে রেকর্ড পতন, ট্রাম্পের আমলে সবচেয়ে বড় ধস

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের শেয়ারবাজারে শুক্রবার নেমেছে এক ঐতিহাসিক ধস। যা ডোনাল্ড ট্রাম্পের প্রেসিডেন্ট আমলে সবচেয়ে বড় পতন হিসেবে রেকর্ড গড়েছে। যুক্তরাষ্ট্র ও চীনের মধ্যে নতুন করে উত্তেজনা ছড়িয়ে পড়া এবং ট্রাম্প-শি বৈঠক বাতিলের ঘোষণার পরই ওয়াল স্ট্রিটে এই বিপর্যয় দেখা দেয়। গণমাধ্যমগুলোর খবরে বলা হয়েছে, শুক্রবার দিনের শেষে ওয়াল স্ট্রিটের প্রধান সূচকগুলো এপ্রিলের পর সবচেয়ে দ্রুত পতনের মুখে পড়ে, ফলে ৯-এর পৃষ্ঠায় দেখুন

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
▸ প্রাইভেট অকশনের বাড়ি
▸ পাবলিক অকশনের বাড়ি
▸ ব্যাংক মালিকানা বাড়ি
▸ শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

বিশ্বব্যাংকের প্রতিবেদন

এশিয়ায় নতুন বিক্ষোভের উসকানি দিচ্ছে বেকারত্ব

বাংলা পত্রিকা ডেস্ক: ভালো চাকরি পেতে রীতিমতো লড়াই করছেন এশিয়ার তরুণরা। অনেকেই চাকরি না পেয়ে বেছে নিচ্ছেন মানবেতর আয়-উপার্জনের চাকরি। তরুণদের মাঝে বেড়ে চলেছে অসন্তোষ। তরুণদের মধ্যে ক্রমবর্ধমান হতাশা ইতোমধ্যে বিশ্বজুড়ে বিক্ষোভ ও আন্দোলনের ঢেউ তুলেছে। এবার এ বেকারত্বই এশিয়ায় নতুন বিক্ষোভের উসকানি দিচ্ছে বলে সতর্ক করেছে বিশ্বব্যাংক। মঙ্গলবার বিশ্বব্যাংক বলেছে, এ অবস্থা চলতে থাকলে পুরো এশিয়ায় সামাজিক স্থিতিশীলতা বাধাগ্রস্ত হবে, যা নতুন করে তরুণদের মধ্যে বিক্ষোভ উসকে দিতে পারে।

ব্লুমবার্গের প্রতিবেদনে বলা হয়েছে, চীন ও ইন্দোনেশিয়ায় প্রতি সাত তরুণের মধ্যে একজন বেকার। পাশাপাশি বেশ কয়েকটি এশীয় অর্থনীতিতে তরুণ ও অভিজ্ঞ কর্মীদের মধ্যে একটি 'স্থিতিশীল ব্যবধান' তৈরি হয়েছে। বিশ্বব্যাংক সতর্ক করে বলছে, বর্তমানে সম্পদের মালিকানায় জনগণের অংশ প্রতিনিয়ত কমছে, এশিয়ার মধ্যবিত্ত পরিবারগুলো দিনদিন গরিব হচ্ছে। বিশ্বব্যাংক আরও বলেছে, সামগ্রিকভাবে কর্মসংস্থানের হার বাড়লেও তরুণদের জন্য সুযোগ সীমিত। অধিকাংশ মানুষ কাজের খোঁজ পেলেও তারা মূলত অনানুষ্ঠানিক বা কম উৎপাদনশীল খাতে নিয়োজিত।



মির্জা ফখরুল ইসলাম আলমগীর, ছবি: সংগৃহীত

পিআর ইস্যু আগামী সংসদের ওপর ছেড়ে দিতে হবে

বাংলা পত্রিকা ডেস্ক: আনুপাতিক প্রতিনিধিত্বমূলক (পিআর) পদ্ধতিতে নির্বাচনের ইস্যুটি আগামী সংসদের ওপর ছেড়ে দেয়ার আহ্বান জানিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে বাংলাদেশ সময় সোমবার (১৩ অক্টোবর) খ্রিস্টান ফোরামের নেতাদের সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এ আহ্বান জানান।

বিএনপি মহাসচিব বলেন, আগামী নির্বাচনে জনগণ প্রমাণ করবে যে বাংলাদেশ সত্যিকার অর্থেই একটি অসাম্প্রদায়িক দেশ।

তিনি বলেন, অবাধ ও সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা করতে চেষ্টা চলছে, তবে সেটা বিঘ্নিত করার জন্য নানা রকম অপচেষ্টা দেখা যাচ্ছে।

মির্জা ফখরুল বলেন, হঠাৎ করেই আনুপাতিক প্রতিনিধিত্বমূলক (পিআর) পদ্ধতির দাবি তুলে আন্দোলনের বিষয়টি যারা দ্রুত নির্বাচন চান, তাদের কাছে পরিষ্কার নয়। তাই এই ইস্যুটি আগামী সংসদের ওপর ছেড়ে দেয়া উচিত। সেখানেই সিদ্ধান্ত নেয়া হবে যে পরবর্তী নির্বাচন কোন পদ্ধতিতে হবে।

সংসদীয় পদ্ধতি নিয়ে তিনি বলেন, বিএনপি উচ্চকক্ষ গঠনের কথা বলেছে, যা একটি নতুন অভিজ্ঞতা হবে। তবে নিম্নকক্ষের প্রস্তাবটি অবাস্তব বলে তিনি মন্তব্য করেন।

উপদেষ্টারা আখের গুছিয়ে রেখেছেন

নিজস্ব প্রতিবেদক: জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক সামান্তা শারমিন বলেছেন, অন্তর্বর্তী সরকারের প্রত্যেক উপদেষ্টা নিজের আখের গোছানোর কাজ করে রেখেছেন। তিনি বলেন, এ ইন্টেরিম গভর্মেন্টও আজ দেশের মানুষের বিরুদ্ধে দাঁড়িয়ে গেছে। তারা দেশের শিক্ষাব্যবস্থার বিপক্ষে দাঁড়িয়েছে। অথচ সব শ্রেণি-পেশার মানুষ রক্তের বিনিময়ে তাদের ক্ষমতায় বসিয়েছে। গতকাল বিকালে কেন্দ্রীয় শহীদ মিনারে এমপিওভুক্ত শিক্ষকদের অবস্থান কর্মসূচিতে একাত্মতা জানিয়ে দেওয়া বক্তব্যে এসব কথা বলেন তিনি। উপদেষ্টাদের উদ্দেশ করে তিনি বলেন, মন্ত্রণালয়ের জন্য কোটি টাকা দিয়ে গাড়ি কিনছেন।



শিক্ষকদের কথা বললেই সরকারের কাছে টাকা নেই। অন্তর্বর্তী সরকার শিক্ষাব্যবস্থার বিপক্ষে দাঁড়িয়েছে মন্তব্য করে তিনি বলেন, আমাদের আশা ছিল বাংলাদেশে একটি শিক্ষা কমিশন গঠন করা হবে, হাসিনা চতুরতার সঙ্গে শিক্ষাব্যবস্থা ধ্বংস করার যে প্রক্রিয়া করে গেছেন, তা থেকে উত্তরণ করবে অন্তর্বর্তী সরকার। বাস্তবে দেখা গেল তারা দেশকে নির্বাচনের দিকে ঠেলে দিচ্ছে। অথচ আমাদের শিক্ষক-শিক্ষার্থীদের আশা- আকাঙ্ক্ষা গুরুত্ব পেল না। যারাই সরকার গঠন করুক এ শিক্ষাব্যবস্থা ধ্বংসের সঙ্গে যারা জড়িত তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে হবে। তিনি আরও বলেন, আমাদের শিক্ষাব্যবস্থাকে ধ্বংস করতে শিক্ষকদের অবমূল্যায়ন করা হয়েছে। শিক্ষকদের সুযোগ-সুবিধা নিয়ে এই উদাসীনতা কাম্য নয়। এসবই যদি অন্তর্বর্তী সরকারের কাছে চাওয়া লাগে তাহলে তাদের অবস্থান আমাদের কাছে পরিষ্কার। শিক্ষকদের যে টাকা দেওয়া হচ্ছে তা দিয়ে নিম্নবিত্ত পরিবারেরও সংসার চলে না। উদ্দেশ্যমূলকভাবে আমাদের শিক্ষকদের তারা নিম্নবিত্ত পর্যায়ে রাখতে চান।



হোম কেয়ার সার্ভিস (CDPAP) নিতে চান?



Bestcare
Home care, your care.

আমরা বাংলায় কথা বলি

PPL & NYS
DEPARTMENT OF HEALTH
অনুমোদিত
CDPAP - FACILITATOR

১৯৮১ সাল থেকে স্বাস্থ্যসেবায় কমিউনিটির সাথে আছি

আজই যোগাযোগ করুন - (516) 731-7808

3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756
Email: cdpap@bestcare.com

Nassau	Queens	Bronx	Staten Island	Suffolk	Manhattan	Brooklyn
50 Clinton Street Suite 201 Hempstead, NY 11550	70-50 Austin Street Lower Level 130 Forest Hills, NY 11375	4119 White Plains Road Bronx, NY 10466	60 Bay Street Suite 506 Staten Island, NY 10301	97 West Main Street Bayshore, NY 11706	260 West 36th Street Suite 400 New York, NY 10018	1781 Flatbush Avenue 2nd Floor Brooklyn, NY 11210

গ্রেপ্তারি পরোয়ানায় মরাল এফেক্ট পড়েছে, তবে সেনাবাহিনী ন্যায়ের পক্ষে অটল: সেনাসদর



বাংলা পত্রিকা ডেস্ক: আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে মানবতাবিরোধী অপরাধের অভিযোগে ২৫ সেনা কর্মকর্তার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারির ঘটনায় সেনাবাহিনী নৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানিয়েছে সেনাসদর। তবে সেনাবাহিনী ন্যায়ের পক্ষে অটল থাকবে। শনিবার ঢাকা সেনানিবাসের অফিসার্স মেসে এক প্রেস ব্রিফিংয়ে এসব কথা বলেন জানান সেনাবাহিনীর অ্যাডজুট্যান্ট জেনারেল মেজর জেনারেল মো. হাকিমুজ্জামান।

তিনি বলেন, পুরো জাতি এখন নির্বাচনমুখী। গত ১৩-১৪ মাস ধরে সেনাবাহিনী মাঠে কাজ করছে। অভ্যন্তরীণ নিরাপত্তাব্যবস্থার উন্নয়নে সেনাসদস্যরা বিভিন্ন পর্যায়ে দায়িত্ব পালন করে যাচ্ছে। আগামী জাতীয় নির্বাচনে সেনা মোতায়েনের পরিমাণ তিন গুণ পর্যন্ত বাড়ানো হবে বলে আমরা প্রস্তুতি নিচ্ছি। ট্রেনিং, পোস্টিং, প্রমোশনসহ সব ধরনের প্রস্তুতি চলছে।

হাকিমুজ্জামান বলেন, 'উদাহরণ দেই, আমাদের প্রত্যেক বছর ফেব্রুয়ারির ফার্স্ট উইকে অর জানুয়ারির লাস্ট উইকে ট্রেনিং কোর্সগুলো চালু হয়, আমরা সেগুলোকে রিশিডিউল করে নিচ্ছি আগামী বছর নির্বাচনকে এডজাস্ট করে। এই ধরনের যাবতীয় যা প্রিপারেশন আমরা নিচ্ছি, এর ভেতরে এই আইসিটি... (সেনা কর্মকর্তাদের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের গ্রেপ্তারি পরোয়ানা) ডেফিনেটলি. অবশ্যই অবশ্যই এটা আমাদের মরাল এফেক্ট করেছে– এটা অস্বীকার করব কেন? বাট অ্যাট দ্য সেম টাইম, আমি এটাও বলে দিচ্ছি, সেনাপ্রধান আমাকে আবারও বলে দিয়েছেন, আমাদের সবসময় বলেন, সেটা হচ্ছে– 'উই উইল রিমেইন স্ট্যান্ড ফাস্ট উইথ দ্য জাস্টিস, ইভেন উই কমপ্রমাইজ অব আওয়ার সামথিং, বাট ইনসাফের কোন কমতি হবে না।'

অ্যাডজুট্যান্ট জেনারেল আরও বলেন, অবসরে যাওয়া যেসব কর্মকর্তার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা রয়েছে, তাদের পুলিশ চাইলে গ্রেপ্তার করতে পারে। আমরা শুধু বলেছি, যদি তারা আমাদের হেফাজতে আসতে চায়, তাহলে সেটাও সম্ভব। তবে মনে রাখতে হবে, অবসরপ্রাপ্তরা সরাসরি সেনাসদর দপ্তরের অধীন নন।'

উল্লেখ্য, শনিবার প্রেস ব্রিফিংয়ে সেনাসদর জানায়, গ্রেপ্তারি পরোয়ানার ভিত্তিতে চাকরিতে থাকা ১৫ সেনা কর্মকর্তার মধ্যে ১৪ জন বর্তমানে সেনা হেফাজতে রয়েছেন। বাকি একজন কর্মকর্তা পলাতক।

কেন শান্তিতে নোবেল পেলেন না ট্রাম্প, জানাল নোবেল কমিটি





ডোনাল্ড ট্রাম্প ও মারিয়া কোরিনা মাচাদো। ফাইল ছবি : এএফপি

বাংলা পত্রিকা ডেস্ক: এ বছরের শুরু থেকেই শান্তিতে নোবেল পুরস্কারের যোগ্য দাবিদার হিসেবে নিজেকে উপস্থাপন করে আসছিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে তাকে হতাশ করেই ভেনিজুয়েলার বিরোধী দলীয় নেতা মারিয়া কোরিনা মাচাদোর হাতে উঠেছে এবারের নোবেল শান্তি পুরস্কার।

ট্রাম্পের নোবেল শান্তি পুরস্কার না পাওয়া নিয়ে সাংবাদিকরা প্রশ্ন করেছিল নোবেল শান্তি কমিটির চেয়ারম্যান ইয়োরগেন ওয়াটনে ফ্রিডনেসকে।

ডোনাল্ড ট্রাম্পকে নিয়ে এক প্রশ্নে তাকে জিজ্ঞেস করা হয়–মার্কিন প্রেসিডেন্ট নিজে এবং আন্তর্জাতিক মহলের কিছু অংশ থেকে ট্রাম্পের জন্য নোবেল পুরস্কার নির্ধারণের যে চাপ এসেছিল, তা কি কমিটির সিদ্ধান্তে কোনো প্রভাব ফেলেছিল?

এর জবাবে ফ্রিডনেস স্পষ্ট করেই বলেন, 'নোবেল শান্তি পুরস্কারের দীর্ঘ ইতিহাসে আমরা এর আগেও অনেক প্রচারণা ও গণমাধ্যমের চাপ দেখেছি।

প্রতি বছরই আমরা হাজারো চিঠি পাই, যেখানে মানুষ জানায় তাদের মতে শান্তি কিসে আসে।'

তবে তিনি জানান, এসব চাপ নোবেল পুরস্কারের জন্য নেওয়া সিদ্ধান্তকে প্রভাবিত করে না। তিনি বলেন, 'কেবলমাত্র আলফ্রেড নোবেলের কাজ ও ইচ্ছাই আমাদের সিদ্ধান্তের ভিত্তি।' এর আগে ট্রাম্প দাবি করেন, গাজা যুদ্ধসহ আটটি যুদ্ধ বন্ধে ভূমিকা রেখেছেন।

একাধিক দেশ তাকে পুরস্কৃত করার জন্য মনোনয়নও দিয়েছিল।

নোবেল পুরস্কার ঘোষণার পর হোয়াইট হাউজের যোগাযোগ পরিচালক স্টিভেন চিয়াং এক্সে লিখেছেন, 'নোবেল কমিটি প্রমাণ করেছে, তারা শান্তির চেয়ে রাজনীতিকে অগ্রাধিকার দেয়।' *সূত্র : বিবিসি, এএফপি*

The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

হঠাৎ সেফ এক্সিট: রাজনীতির নতুন বিতর্ক

বাংলাদেশের রাজনীতির অঙ্গনে হঠাৎ করেই নতুন আলোচনার জন্ম দিয়েছে একটি শব্দ–'সেফ এক্সিট'। এনসিপি দলের আহ্বায়ক নাহিদ ইসলাম সম্প্রতি এক বেসরকারি টেলিভিশনে সাক্ষাৎকারে দাবি করেছেন, অন্তর্বর্তী সরকারের অনেক উপদেষ্টা বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে লিয়াজোঁ রাখছেন এবং নিজেরাই সেফ এক্সিটের চিন্তা করছেন। তাঁর বক্তব্যে যেন ইঙ্গিত লুকিয়ে আছে–সরকারের ভেতরে অনিশ্চয়তার ছায়া ঘনিয়ে আসছে। এর পরপরই দলের আরেক নেতা সারজিস আলমের মন্তব্য আরও বিতর্কিত হয়েছে–"পৃথিবীতে সেফ এক্সিটের একটাই জায়গা, সেটা হলো মৃত্যু।" এই দুটি মন্তব্যের পর থেকেই রাজনৈতিক মহল উত্তপ্ত।

জনমনে প্রশ্ন : উপদেষ্টারা কেন হঠাৎ সেফ এক্সিটের চিন্তা করবেন–এই প্রশ্ন এখন সর্বত্র। রাজনীতির টক শো থেকে শুরু করে সাধারণ আড্ডা, এমনকি সামাজিক মাধ্যমেও এখন এটি আলোচনার কেন্দ্রবিন্দু। সরকার কতটা কার্যকর বা আন্তরিক, কতটা সাফল্য দেখাতে পেরেছে–তা নিয়ে নানা মত। একই সঙ্গে নিরাপত্তা, কর্মসংস্থান, আইনশৃঙ্খলা, মানবাধিকার এবং আন্তর্জাতিক কূটনীতিতে সরকারের অবস্থান নিয়েও সমালোচনা তীব্র হচ্ছে।

গত বছরের গণ-অভ্যুত্থানের পর যেসব দল রাজনীতির সামনের সারিতে এসেছে এবং যে নতুন রাজনৈতিক দলগুলো জন্ম নিয়েছে, তাদের মধ্যকার সম্পর্কও এখন জটিল হয়ে উঠেছে। সহযোগিতা ও ঐক্যের জায়গায় দূরত্ব বেড়েছে। ফলে সাধারণ মানুষের মনেও অনিশ্চয়তা–এই অস্থির পরিস্থিতিতে কার ওপর ভরসা রাখা যায়?

'সেফ এক্সিট' আসলে কী? সরলভাবে বললে, সেফ এক্সিট মানে হলো সম্মান ও নিরাপত্তার সঙ্গে ক্ষমতা ছেড়ে দেওয়ার উপায়। যখন কোনো সরকার বা নেতা জনঅসন্তোষে জর্জরিত হয়, বা আন্তর্জাতিক চাপ ও আইনি আশঙ্কায় পড়ে, তখন শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তর করার প্রক্রিয়াকে অনেক সময় 'সেফ এক্সিট' বলা হয়। ইতিহাসে এমন উদাহরণ অসংখ্য–লাতিন আমেরিকা থেকে আফ্রিকা, এমনকি দক্ষিণ এশিয়াতেও। সাধারণত কয়েকটি কারণেই সরকার বা শাসকগোষ্ঠী সেফ এক্সিটের পথ খোঁজে– ১. জনমনে ব্যাপক অসন্তোষ ও আন্দোলনের ঝুঁকি। ২. আন্তর্জাতিক চাপ বা নিষেধাজ্ঞার আশঙ্কা। ৩. মানবাধিকার লঙ্ঘন ও জাল নির্বাচন নিয়ে বিতর্ক। ৪. ব্যাপক দুর্নীতির অভিযোগ। ৫. ক্ষমতা হারানোর পর বিচার বা শাস্তির ভয়।

প্রশ্ন হলো–বাংলাদেশে কি এখন এমন কোনো পরিস্থিতি তৈরি হয়েছে, যা উপদেষ্টাদের 'সেফ এক্সিট'-এর চিন্তায় ফেলতে পারে?

অভিযোগের ভিত্তি কোথায়? এনসিপি নেতারা অভিযোগ করলেও এখনো কোনো সুনির্দিষ্ট প্রমাণ প্রকাশ করেননি। রাজনৈতিক বিশ্লেষকদের অনেকেই বলছেন, এমন অভিযোগ অত্যন্ত গুরুতর এবং এর পেছনে তথ্য-প্রমাণ থাকা জরুরি। নইলে এটি নিছক রাজনৈতিক কৌশল বা প্রচারণা হিসেবেই বিবেচিত হবে। অন্যদিকে, সরকারের উপদেষ্টাদের কেউ কেউ বলেছেন–প্রমাণ ছাড়া এমন অভিযোগ কেবল বিভ্রান্তি ছড়ায়।

সত্যিই, বর্তমান অন্তর্বর্তী সরকার নানা চাপের মুখে আছে–একদিকে অর্থনৈতিক সংকট, অন্যদিকে রাজনৈতিক অনিশ্চয়তা। তবে এখন পর্যন্ত সরকার পদত্যাগের কোনো ইঙ্গিত দেয়নি। বরং সরকারপক্ষ দাবি করছে, তারা পরিস্থিতি মোকাবিলায় প্রস্তুত এবং নির্বাচনের প্রক্রিয়া এগিয়ে নিতে প্রতিশ্রুতিবদ্ধ। সেক্ষেত্রে 'সেফ এক্সিট'-এর আলোচনা কতটা বাস্তব, আর কতটা গুজব–তা যাচাই করা জরুরি।

জনগণের জানার অধিকার : রাজনীতি কোনো বন্ধ দরজার খেলা নয়। জনগণ যে প্রশ্ন তুলছে, তা অমূলক নয়। যদি সত্যিই কারও মনে 'সেফ এক্সিট'-এর চিন্তা থাকে, তবে তা জনগণের জানার অধিকারভুক্ত বিষয়। কারণ, সরকারের প্রতি আস্থা হারালে সেটি কেবল রাজনৈতিক ব্যর্থতা নয়, গণতন্ত্রেরও বিপর্যয়। আবার, যদি অভিযোগটি ভিত্তিহীন হয়, তবে সেটিও রাজনৈতিক স্থিতিশীলতাকে ক্ষতিগ্রস্ত করতে পারে।

সুতরাং, যাঁরা অভিযোগ তুলেছেন, তাঁদের উচিত প্রমাণসহ কথা বলা। আর যাঁদের বিরুদ্ধে অভিযোগ, তাঁদেরও স্বচ্ছভাবে নিজেদের অবস্থান জানানো। রাজনীতিতে গুজব ও অর্ধসত্যের চেয়ে সত্যের মূল্য অনেক বেশি। সত্য প্রকাশ পেলে তাতে সরকারও উপকৃত হয়, জনগণও আশ্বস্ত হয়।

শেষ কথা : রাজনীতিতে 'সেফ এক্সিট' শব্দটি সাধারণত ব্যবহার হয় সংকটময় সময়ে–যখন আস্থা ভেঙে পড়ে, বা দায়িত্বের জায়গা থেকে সরে দাঁড়ানোর প্রয়োজন দেখা দেয়। বাংলাদেশে সেই পর্যায় কি এসে গেছে? প্রশ্নটির উত্তর এখনো স্পষ্ট নয়। তবে যতক্ষণ এই প্রশ্নটি জনমনে ঘুরে বেড়ায়, ততক্ষণ রাজনীতির ওপর জনগণের আস্থা পুনর্গঠনের দায় বর্তায় সরকার ও রাজনৈতিক নেতাদের ওপরই। গণতন্ত্রে স্বচ্ছতা ও জবাবদিহিই টেকসই আস্থার ভিত্তি। তাই এখন সবচেয়ে দরকার স্বচ্ছ ব্যাখ্যা, খোলা আলোচনায় সত্য তুলে ধরা–যাতে রাজনীতি গুজব নয়, বিশ্বাসের মাটিতে দাঁড়াতে পারে।



'সেফ এক্সিট' নিয়ে এত কথা কেন

মাসুদ কামাল



কয়েক দিন ধরে 'সেফ এক্সিট' নিয়ে বেশ আলোচনা হচ্ছে। কথাটার অর্থ কী? আপনাদের কার কী অভিজ্ঞতা আমি জানি না, তবে নিজের কথা বলতে পারি, 'এক্সিট' শব্দটা আমি প্রথম দেখেছি সিনেমা হলে। মুভি যখন চলে, তখন পুরো হল অন্ধকার থাকলেও দরজাগুলোর ওপর 'এক্সিট' লেখাটা জ্বলজ্বল করতে থাকে। তখন আমি ছোট, অর্থটা ঠিক বুঝতাম না। পরে আব্বাকে জিজ্ঞাসা করে জেনে নিয়েছি। তিনি ব্যাখ্যা করে বলেছেন, হঠাৎ করে বের হতে গিয়ে যাতে কেউ বিভ্রান্ত না হয়, সে জন্য। আরও পরে অনেক মুভি হলে 'এক্সিট'-এর পরিবর্তে 'প্রস্থান' লেখাও দেখেছি।

তখন আমার মনে হতো, এক্সিট মানেই তো সেফ, নিরাপদ। সেখানে আবার এক্সিটের আগে 'সেফ' কথাটার দরকার কী? কিন্তু এখন রাজনীতির এবং জীবনের নানা জটিলতা দেখার পর বুঝতে পারছি সব এক্সিটই সেফ হয় না। অনেককে গলাধাক্কা দিয়েও বের করা হয়। আবার অনেকে প্রস্থানের পরপরই নানা বিপদে পড়েন। ক্ষমতায় থাকার কারণে তাঁর যেসব কর্মকাণ্ড নিয়ে বিচার দূরে থাক, প্রশ্ন করারই সাহস সাধারণ মানুষ পায় না, ক্ষমতা থেকে সরে যাওয়ামাত্র সেসব নিয়ে প্রশ্ন ওঠে। বিচারের মুখোমুখি দাঁড় করিয়ে দেওয়া হয়। ফলে 'এক্সিট' আর 'সেফ এক্সিট' বিষয়টা প্রায়ই ভিন্ন অর্থ বহন করে।

মাস কয়েক আগের কথা, গত ৩০ জুলাই গুলশানের একটা হোটেলে 'ডেমোক্রেসি ডায়াস বাংলাদেশ' নামের একটা সংগঠনের সেমিনারে গিয়েছিলাম। সেখানে আরও অনেকের মধ্যে সিপিডির বিশেষ ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য উপস্থিত ছিলেন। তিনি বললেন, 'অন্তর্বর্তী সরকারের এক্সিট পলিসি চিন্তা করার সময় এসেছে।' সেই সঙ্গে তিনি এমনও বললেন, এই সরকারের কর্মকাণ্ড নিয়ে আগামী সরকারের মূল্যায়ন কেমন হবে, সেসব নিয়ে চিন্তাভাবনার সময় এখন এসে গেছে।

ড. দেবপ্রিয়র এমন কথায় খুব স্পষ্ট কিছু ইঙ্গিত ছিল। পরদিন অধিকাংশ মিডিয়া এই 'এক্সিট' শব্দটিকে ব্যবহার করে তাদের শিরোনাম করেছিল। সেই থেকে শব্দটি প্রায়ই বিভিন্নজন সরকারের, উপদেষ্টাদের নানা কর্মকাণ্ডের কথা বলতে গিয়ে ব্যবহার করেছেন। তবে এর মধ্যে সবচেয়ে গুরুতরভাবে শব্দটির ব্যবহার দেখা গেল এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলামের কণ্ঠে। তিনি বললেন, সরকারের উপদেষ্টাদের কেউ কেউ সেফ এক্সিটের লক্ষ্যে অনেক রাজনীতিবিদের সঙ্গে লিয়াজোঁ করছেন!

ঠিক এই জায়গাটিতে বিষয়টি পরিষ্কার হয়ে যায়। ফেব্রুয়ারিতে যদি নির্বাচন হয়, বর্তমানে যাঁরা সরকারে আছেন, তাঁদের চলে যেতে হবে। এটা তো তাঁরা জানেনই। তাহলে তাঁদের কেউ কেউ রাজনীতিবিদদের সঙ্গে লিয়াজোঁ কেন করছেন? কেন এ রকম যোগাযোগ করতে হচ্ছে? আসলে এটাই হচ্ছে মূল কথা। তাঁরা জানেন, গত এক বছরের বেশি সময়ে তাঁরা কী কী করেছেন। তাঁদের কয়টা কাজ এই গণ-আন্দোলনের মূল চেতনার পক্ষে ছিল। কয়টা কাজ কেবলই তাঁর ব্যক্তিগত স্বার্থসিদ্ধির জন্য করেছেন। নতুন যে সরকার আসবে, তারা এসব নিয়ে প্রশ্ন তুলবেই। সেই প্রশ্ন তাঁকে কোথায় নিয়ে যাবে, কোথায় নিয়ে দাঁড় করাবে? বিচারের কাঠগড়ায় নিয়ে যাবে না তো? হয়তো এ কারণেই যে রাজনৈতিক দল আগামী নির্বাচনে ক্ষমতায় আসবে বলে তাঁরা মনে করেন, সেই দলের গুরুত্বপূর্ণ নেতাদের সঙ্গে যোগাযোগ করেছেন।

এমন প্র্যাকটিস কিন্তু এই দেশে নতুন কিছু নয়। আওয়ামী লীগ আমলে ক্ষমতাসীন দলের নেতাদের সঙ্গে লিয়াজোঁ করে বিএনপির অনেক নেতাই কিন্তু বহাল তবিয়তে দেশে অবস্থান করেছেন, এমনকি অনেকে দাপটের সঙ্গে ব্যবসা-বাণিজ্যও করেছেন। আবার বর্তমান সরকারের অনেক উপদেষ্টার সঙ্গে ব্যক্তিগত অথবা পারিবারিক সম্পর্কের জোরে আওয়ামী লীগ সরকারের অনেক দুর্নীতিবাজ ব্যক্তির অর্থসম্পদ ক্ষতির হাত থেকে রক্ষা পেয়েছে। এসব অনেক দিন ধরেই চলে আসছে এই দেশে। সেই পদাঙ্ক অনুসরণ করেই হয়তো উপদেষ্টাদের কেউ কেউ রাজনৈতিক নেতাদের সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলেছেন।

নাহিদ ইসলামের এ রকম খোলামেলা অভিযোগ নিয়েও কেউ কেউ প্রশ্ন তুলেছেন। তিনি কি সত্যিই কিছু জানেন? নাকি হাওয়ার ওপর দিয়ে মেরে দিয়েছেন? সেটাই-বা কীভাবে হয়? তিনি তো এলেবেলে লোক নন। একটা গুরুত্বপূর্ণ দলের শীর্ষ নেতা। নিজেও একসময় এই সরকারের উপদেষ্টা ছিলেন। ফলে সাবেক সহকর্মী হিসেবে উপদেষ্টাদের অনেকের সঙ্গেই তাঁর ব্যক্তিগত সম্পর্ক থাকাটা স্বাভাবিক। কাজেই তাঁর অভিযোগ ভিত্তিহীন হওয়ার আশঙ্কা খুবই কম। সে ক্ষেত্রে যে প্রশ্নটি খুবই জরুরি, ওই আলোচিত উপদেষ্টারা আসলে কারা? কী অপরাধ তাঁরা করেছেন যে সেফ এক্সিট পাওয়ার জন্য তাঁদের এখন থেকেই লিয়াজোঁ করতে হচ্ছে?

উপদেষ্টাদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ কিন্তু নতুন কিছু নয়। এর আগে ৮ আগস্ট সাবেক এক সচিব, যিনি খালেদা জিয়ার একান্ত সচিব হিসেবেও কাজ করছেন, তিনি প্রকাশ্যে বলেছিলেন, আটজন উপদেষ্টার দুর্নীতির বিষয়ে তথ্য-প্রমাণ তাঁর কাছে রয়েছে। কথাগুলো বলেছিলেন তিনি প্রশাসন ক্যাডারদের সংগঠন বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস অ্যাসোসিয়েশন আয়োজিত এক সেমিনারে। সেখানে প্রশাসন ক্যাডারের বর্তমান এবং সাবেক অনেক কর্মকর্তাই উপস্থিত ছিলেন। সাবেক ওই সচিব এ বি এম আবদুস সাত্তার যখন এই কথাগুলো বলছিলেন, সেখানে উপস্থিত কর্মকর্তারা তখন 'ঠিক ঠিক' বলে তাঁকে সমর্থনও দিয়েছিলেন। তার মানে বিষয়গুলো তাঁরাও জানতেন।

এই যে এমন প্রকাশ্য অভিযোগ, তথ্য-প্রমাণ আছে বলে ঘোষণা, তারপর কী হলো? দৃশ্যত কিছুই হয়নি। কেন হয়নি? হয়তো সরকার চায়নি বলে হয়নি। এই সরকার চায়নি বলে কি আগামী সরকার চাইবে না? গোয়েন্দা রিপোর্টগুলো তো রয়েই গেছে। এরই মধ্যে কপি হয়ে হয়তো অনেকের হাতেও চলে গেছে। এখন ক্ষমতার জোরে হয়তো ধামাচাপা দিয়ে রাখা হয়েছে, সরকার পরিবর্তনের পরপরই কি সেগুলো আবার ভেসে উঠবে না? নিশ্চিত থাকতে পারেন, অবশ্যই সেগুলো আলোচনায় চলে আসবে। যাঁরা এগুলো ধামাচাপা দিয়েছেন, দিতে সাহায্য করেছেন, তাঁদেরও নাম তখন আসবে। এ কারণেই ক্ষমতার শেষ দিকে এসে সবাই ব্যস্ত হয়ে পড়েন সেফ এক্সিটের জন্য। সেটা নিশ্চিত করতে ছোটাছুটি করেন রাজনৈতিক নেতাদের সঙ্গে সম্পর্ক করতে।

এই সেফ এক্সিট নিয়ে এরই মধ্যে বেশ কয়েকজন উপদেষ্টা অবশ্য কথা বলেছেন। এর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ কথা বলেছেন আইনবিষয়ক উপদেষ্টা আসিফ নজরুল। তিনি বলেছেন, 'এখন সেফ এক্সিট নিয়ে কথা হচ্ছে। আমরা উপদেষ্টারা নিশ্চিতভাবে জানি, আমাদের কারও কোনো সেফ এক্সিটের প্রয়োজন নেই।' এরপর উল্টো তিনি এমন কথাও বলেছেন, উপদেষ্টাদের নয়, বরং সেফ এক্সিট দরকার এখন দেশের।

আইনবিষয়ক উপদেষ্টার এই দ্বিতীয় কথাটার সঙ্গে আমি খুবই একমত। আসলেই আমাদের দেশ অনেক বছর ধরেই একটা গাড্ডায় পড়ে আছে। রাষ্ট্রকাঠামোকে এমন এক চরিত্র দেওয়া হয়েছে, যা নিজেই বৃহত্তর জনগোষ্ঠীর মুখোমুখি দাঁড়িয়ে গেছে। এখান থেকে বের হতে হবে। এই বের হওয়ার প্রবল আকাঙ্ক্ষা নিয়েই কিন্তু ড. ইউনূসকে দায়িত্ব দেওয়া হয়েছিল। উনি আসিফ নজরুলসহ বেশ কয়েকজনকে তাঁর উপদেষ্টামণ্ডলীতে অন্তর্ভুক্ত করেছেন। তাঁরা দেশকে সেই সমস্যাসংকুল রাষ্ট্রকাঠামো থেকে বের করতে পেরেছেন? তাঁরা কি সেই জন-আকাঙ্ক্ষাকে তাঁদের চিন্তায় ধারণ করতে পেরেছেন? যদি না করতে পারেন, এই ব্যর্থতার জন্যও কি তাঁদের দায়ী করা যাবে না?

আর প্রথম যে কথাটা ড. আসিফ নজরুল বলেছেন, সেটাকে আমি তাঁর জন্য কিছুটা আত্মঘাতী বলেই মনে করি। তিনি কীভাবে বলেন, 'আমাদের কারও কোনো সেফ এক্সিটের প্রয়োজন নেই!' সব উপদেষ্টার দায়িত্ব তিনি একাই নিয়ে নিলেন! অতি আত্মবিশ্বাসী হলে উনি বড়জোর নিজের কথাটা বলতে পারতেন। কিন্তু বাকিদের দায়িত্ব উনি কীভাবে নিলেন? আমি নিশ্চিত, নতুন সরকার আসার সঙ্গে সঙ্গে অনেক উপদেষ্টার কর্মকাণ্ড প্রকাশিত হতে থাকবে। আসিফ নজরুল কি তখন অন্যদের দায়ও নিজের কাঁধে নেবেন?

আসলে সমস্যা হয় কি, কেউ যখন ক্ষমতায় থাকেন, আমাদের দেশে সাধারণত তাঁকে প্রশ্নের মুখে পড়তে হয় না। এই সংস্কৃতিতে তাঁরা এতটাই অভ্যস্ত হয়ে পড়েন যে ক্ষমতা চলে গেলে নতুন কী বাস্তবতার মুখে তাঁদের পড়তে হবে, সেটা তাঁরা চিন্তাও করতে পারেন না। সবার সুমতি হোক।

লেখক: সাংবাদিক

FOOD Dynasty

7507 37th Avenue, Jackson Heights, NY 11372

BIG SALE
মাছের সেল

17 October - 20 November 2025

এই প্রথম জ্যাকসন হাইটসে
সরাসরি সিলেটের হাওড় থেকে সংগ্রহকৃত মাছের বাজার

FOOD DYNASTY, JACKSON HEIGHTS

FISH SALE







FOOD Dynasty

7507 37th Avenue, Jackson Heights, NY 11372

718-779-2077

আর নয় বার্মা,
থাইলেন্ডের মাছ

জ্যাকসন হাইটসে এখন
সিলেটের হাওড়ের
মাছ

সরাসরি সিলেটের হাওড় থেকে সংগ্রহকৃত মাছের বাজার

নিউইয়র্কে মৌলভীবাজারবাসীর মতবিনিময় সভায় মাহিদুর রহমান

বিএনপি ক্ষমতায় গেলে অবশ্যই সিলেটের উন্নয়নে অবদান রাখব





নিউইয়র্ক: যুক্তরাজ্য বিএনপি'র সাবেক সভাপতি মাহিদুর রহমান বলেছেন, আগামীতে জনগণের সমর্থন নিয়ে বিএনপি যদি ক্ষমতায় আসে তবে মৌলভীবাজার সহ বৃহত্তর সিলেটের ন্যায্য দাবিগুলো আদায়ে সচেষ্ট থাকবো। যেহেতু দলীয় চেয়ারপার্সন সহ ভারপ্রাপ্ত চেয়ারম্যান আমাকে অনেক ভালো জানেন, তাই তাদের নেতৃত্বে সিলেটের উন্নয়নে আমি অবদান রাখার চেষ্টা করব।

মৌলভীবাজার জেলার কৃতি সন্তান মাহিদুর রহমানের যুক্তরাষ্ট্রে আগমন উপলক্ষ্য প্রবাসী মৌলভীবাজারবাসীর পক্ষ থেকে সোমবার (৬ অক্টোবর) সন্ধ্যায় এষ্টোরিয়ার একটি রেষ্টুরেন্টে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে তিনি উপরোক্ত কথা বলেন। অনুষ্ঠানে আয়োজকদের পক্ষ থেকে অতিথি মাহিদুর রহমানকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। দল-মত নির্বিশেষে বৃহত্তর সিলেটের বিপুল সংখ্যক মানুষ সভায় অংশ নেন।

সভায় সভাপতিত্ব করেন চৌধুরী সালেহ। মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট সোসাইটি ইউএসএ'র সহ সভাপতি ও এষ্টোরিয়ার ওয়েলফেয়ার সোসাইটির সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিন ও বুরন রায় সভা পরিচালনা করেন। অনুষ্ঠিত সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন জালাল চৌধুরী।

সভায় বক্তারা সততা, নিষ্ঠা ও তৃণমূলের নেতা, সিলেটের কৃতি সন্তান ও সাবেক মন্ত্রী মরহুম এম সাইফুর রহমানের প্রতিচ্ছবি হিসেবে মাহিদুর রহমান-কে দেখতে পান উল্লেখ করেন এবং আগামী নির্বাচনে জনগনের সমর্থন নিয়ে সরকারের গুরুত্বপূর্ণ পদে তাকে দেখতে চান।

সভায় টাইম টেলিভিশনের সিইও আবু তাহের সহ অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন আজমল হোসেন কুনু, জিল্লুর রহমান জিল্লু, জসিম ভুঁইয়া, সৈয়দ জুবায়ের আলী, হাজী আব্দুর রহমান, আবু সাঈদ আহমদ, ফয়েজ আহমদ চৌধুরী, সোহান আহমেদ (টুটুল), শাহ রকিব আলী, মিয়া মোহাম্মদ আলতাফ হোসেন, মাকসুদ চৌধুরী, সাইফুর খান হারুন, সৈয়দ এনাম আহমেদ, এবাদ চৌধুরী, খলিলুর রহমান, সাইদ তারেক, মনজুর চৌধুরী জগলু, মোহাম্মদ মাসুক মিয়া, এ কে কাইয়ুম, কয়েস আহমেদ, এমদাদ রহমান তরফদার, শফি আহমেদ, হেলাল তরফদার, সুরঞ্জিত কিশোর দাস চৌধুরী প্রমুখ।

সভাটি আয়োজনে সার্বিক সহোযোগীতায় ছিলেন জিল্লুর খান, জুয়েল খান, মহসিন মিয়া লাল, টিটু চৌধুরী, টুকু চৌধুরী, গণি খান, সাপ্পি, এমাদ আহমেদ চৌধুরী, লায়েক হাসান, আকিব আহমেদ, এম ডি এ রহিম, জাহাঙ্গীর হাসান, মহসিন মিয়া লাল, খলিলুর রহমান, শাহবাজ আহমেদ, তোফায়েল আহমেদ, খালেদ আফসার সোহাগ, মোহাম্মদ এনায়েত, মির্জা আজম, মোহাম্মদ স্বপন, শহীদুল্লাহ শিকদার, তানিম আহমেদ, স্বপন, আলম খান, উত্তম বনিক, মোহাম্মদ সাবু মিয়া, জাবেদ আহমেদ, আহমেদ রুবেল, আবুল কাশেম, এস আলম, বেলাল চৌধুরী, তৌফিক আম্বিয়া টিপু, রায়হান পারভেজ, সৌয়স শাহিন, সোহেলুর রহমান, এমডি নুরুল হক, মইনুল হক চৌধুরী। -প্রেস বিজ্ঞপ্তি।





যুক্তরাষ্ট্র-চীন বাণিজ্য উত্তেজনার মধ্যেই স্বর্ণের দামের নতুন রেকর্ড

আন্তর্জাতিক ডেস্ক : যুক্তরাষ্ট্র ও চীনের বাণিজ্য উত্তেজনা ফের শুরু এবং যুক্তরাষ্ট্রের ফেডারেল রিজার্ভের সুদের হার কমানোর প্রত্যাশার মধ্যেই স্বর্ণের দাম সোমবার (১৩ অক্টোবর) নতুন করে সর্বকালের উচ্চ পর্যায়ে পৌঁছেছে। একই সঙ্গে রুপার দামও ইতিহাসের সর্বোচ্চ স্তরে ওঠেছে।

অন্যদিকে স্পট গোল্ড ১.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে প্রতি আউন্সে ৪ হাজার ৭৮ ডলারে পৌঁছেছে। যুক্তরাষ্ট্রের ডিসেম্বর ডেলিভারির জন্য গোল্ড ফিউচারস ২.৩ শতাংশ বেড়ে ৪ হাজার ৯৩ ডলারে উঠেছে।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প শুক্রবার চীনা পণ্যের উপর ১০০ শতাংশ শুল্ক আরোপের হুমকি দেন এবং নভেম্বরের ১ তারিখ থেকে গুরুত্বপূর্ণ সফটওয়্যারের নতুন রফতানি নিয়ন্ত্রণের ঘোষণা দেন। এটি চীনের বিরোধী পদক্ষেপের প্রেক্ষিতে নেওয়া হয়েছে। চীনা কর্তৃপক্ষ রোববার (১২ অক্টোবর) বিষয়টি যৌক্তিক হিসেবে স্বীকৃতি দিলেও যুক্তরাষ্ট্রের পণ্যের উপর অতিরিক্ত শুল্ক আরোপ করেনি।

ক্যাপিটাল ডট কমের বিশ্লেষক কাইল রডডা বলেন, সাম্প্রতিক মধ্যপ্রাচ্যের ঘটনাগুলো স্বর্ণের বাজারে পূর্বে কম প্রভাব ফেলেছিল। কিন্তু এখন যুক্তরাষ্ট্র-চীনের বাণিজ্য উত্তেজনা নতুন করে বাজারে ঝুঁকি সৃষ্টি করছে।

স্পট রুপার দামও ২.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে প্রতি আউন্সে ৫১ দশমিক ৭০ ডলারে পৌঁছেছে। স্বর্ণের মতোই রুপার দামও বেড়ে বিনিয়োগ চাহিদা এবং বাজারের সংকীর্ণতার কারণে উর্ধ্বমুখী।

গোল্ডম্যান স্যাকস জানিয়েছে, মধ্যমেয়াদে রুপার দাম আরও বাড়ার সম্ভাবনা রয়েছে, তবে স্বল্পমেয়াদে দাম ওঠানামা এবং ঝুঁকি স্বর্ণের তুলনায় বেশি থাকবে।

জুলাই জাতীয় সনদ

গণভোটের সময়ে অনড় জামায়াত-এনসিপি

বাংলা পত্রিকা ডেস্ক: জুলাই সনদ বাস্তবায়নের উপায় নিয়ে দলগুলোর সঙ্গে অনানুষ্ঠানিক আলোচনা করছে জাতীয় ঐকমত্য কমিশন। গতকাল শনিবার পৃথক বৈঠকে জামায়াত ও এনসিপি জাতীয় নির্বাচনের আগে গণভোটের পক্ষে নিজেদের মত তুলে ধরেছে। তাদের দাবি, ভোটের দিন গণভোট হলে জুলাই সনদের বিষয়ে মানুষের আগ্রহ কমে যাবে।

এদিকে কমিশনের সুপারিশ পেলে গণভোটের বিষয়ে সরকার নির্বাচন কমিশনের সঙ্গে আলোচনা করবে বলে জানিয়েছে। জনসাধারণের অংশগ্রহণের সুবিধার্থে ১৫ অক্টোবরের পরিবর্তে ১৭ অক্টোবর শুক্রবার জুলাই সনদের স্বাক্ষর অনুষ্ঠিত হবে।

জুলাই সনদ বাস্তবায়নের উপায় নিয়ে তৃতীয় ধাপের পঞ্চম দিন তথা শেষ দিনের সংলাপ গত বুধবার অনুষ্ঠিত হয়। সেখানে গণভোটের বিষয়ে দলগুলো একমত হলেও বিএনপিসহ বেশির ভাগ দল জাতীয় নির্বাচনের দিন গণভোট চেয়েছে। অন্যদিকে জামায়াত, এনসিপিসহ কয়েকটি দল জাতীয় নির্বাচনের আগেই গণভোট চেয়েছে। বিষয়টির সুরাহা করতে কমিশন বিএনপি, জামায়াত, এনসিপির সঙ্গে অনানুষ্ঠানিক বৈঠক শুরু করেছে। শনিবার জামায়াত ও এনসিপির সঙ্গে বৈঠক অনুষ্ঠিত হয়। রোববার বিএনপির সঙ্গে বৈঠক হবে বলে জানা গেছে।

এসব বৈঠকে সনদ বাস্তবায়নের উপায়, বিশেষ করে গণভোটের দিন এবং ভিন্নমত থাকা প্রস্তাবগুলো বাস্তবায়নের বিষয়ে দলগুলোর মতপার্থক্য কমিয়ে আনা যায় কি না, সে চেষ্টা করছে ঐকমত্য কমিশন।

সূত্রে জানা গেছে, শনিবার দুপুরে জাতীয় সংসদে কমিশনের কার্যালয়ে জামায়াতের নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের ও সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদের সঙ্গে ঘণ্টাব্যাপী বৈঠক করে কমিশন। আর বিকেলে এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম, যুগ্ম আহ্বায়ক জাবেদ রাসিনের সঙ্গেও ঘণ্টাব্যাপী বৈঠক হয়। সেখানে দল দুটোর নেতারা ভোটের আগে গণভোট করার পক্ষে নিজ নিজ যুক্তি তুলে ধরেন বলে জানা গেছে। সংখ্যানুপাতিক প্রতিনিধিত্বের (পিআর) ভিত্তিতে উচ্চকক্ষ এবং তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা নিয়ে সংকট নিরসন ছাড়া সংস্কার অর্থহীন বলে জানিয়েছে এনসিপি।

বৈঠকে জামায়াতের পক্ষ থেকে কমিশনকে বলা হয়েছে, জাতীয় নির্বাচনের সময় গণভোট হলে দুটো ঘটনা ঘটতে পারে। একটা হলো গণভোটের প্রতি মানুষের আগ্রহ থাকবে না। মানুষ দলীয় মার্কা নিয়ে ব্যস্ত হয়ে পড়বে। আরেকটি হলো জাতীয় নির্বাচনের দিন সংঘাত, সহিংস ঘটনার মাধ্যমে অনেক কেন্দ্রের ভোট স্থগিত হয়ে পড়ার আশঙ্কা আছে, সে ক্ষেত্রে গণভোটের কী হবে? একই সঙ্গে গণভোটের পক্ষে আরও যুক্তি তুলে ধরেন তাঁরা।

হামিদুর রহমান আযাদ বলেন, 'আলোচনা তো গত বুধবারই শেষ হয়ে গেছে। তবে গণভোটের বিষয়ে আমাদের অবস্থান পরিবর্তন হয়নি। নতুন কোনো ভাবনা আমাদের নেই।'

জাতীয় নির্বাচনের আগে গণভোটের দাবি কমিশনকে পুনরায় এনসিপির পক্ষ থেকে জানানো হয় বলে সূত্রে জানা গেছে। গণভোট একটি প্রশ্নেই হতে হবে বলে মনে করে তারা। সেখানে আপত্তির (নোট অব ডিসেন্ট) বিষয়টি রাখার পক্ষে নয় দলটি। তবে দলটির পক্ষ থেকে বলা হয়, আপত্তির বিষয়টি তুলে দিলে গণভোটের দিনক্ষণ নিয়ে তারা ছাড় দিতে রাজি। দলটি কমিশনকে বলছে, পিআর পদ্ধতিতে উচ্চকক্ষ এবং তত্ত্বাবধায়ক সরকার বিষয়ে সমাধান না হলে সংস্কার আয়োজন অর্থহীন।

জাবেদ রাসিন বলেন, জুলাই সনদের বিষয়ে গণভোটে একটি প্রশ্নের মাধ্যমেই মীমাংসা করতে হবে। সেখানে আপত্তির বিষয়টি রাখা যাবে না। জাতীয় নির্বাচনের দিন গণভোট হলে জুলাই সনদ গুরুত্বহীন হয়ে পড়বে। সংস্কার কার্যক্রমে মানুষকে যুক্ত করার জন্য নির্বাচনের আগেই গণভোট হওয়া উচিত।

দুই দলের সঙ্গে বৈঠকের পর শনিবার সন্ধ্যায় প্রধান উপদেষ্টা ও জাতীয় ঐকমত্য কমিশনের সভাপতি ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠক করেন কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ, সদস্য বদিউল আলম মজুমদার, সংস্কৃতিবিষয়ক উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী ও প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (জাতীয় ঐকমত্য কমিশন) মনির হায়দার। সেখানে জুলাই সনদ নিয়ে গণভোটের বিষয়ে আলোচনা হয় বলে সূত্রে জানা গেছে।


একটি সূত্র বলছে, কমিশনকে জানানো হয় গণভোট আয়োজনের সময়সূচি সরকার ও নির্বাচন কমিশন ঠিক করবে। কমিশনের সুপারিশ পাওয়ার পরে প্রধান উপদেষ্টা বিষয়টি নিয়ে উপদেষ্টা পরিষদের সঙ্গে আলোচনা করবেন বলে জানা গেছে।

সূত্রে জানা গেছে, বৈঠকে চূড়ান্ত জুলাই সনদ রাজনৈতিক দলগুলোর কাছে পাঠানোর বিষয়ে আলোচনা হয়। সেখানে প্রধান উপদেষ্টা কমিশনকে বলে সুবিধাজনক সময়ে দলগুলোর কাছে সনদ পাঠাতে। তবে পাঠানোর আগে তাঁকে জানাতে বলেন তিনি। আগামী দু-এক দিনের মধ্যে প্রধান উপদেষ্টাকে জানানো হবে বলে জানিয়েছে কমিশন। প্রধান উপদেষ্টা রোম সফর শেষে দেশে ফেরার পর আগামী বুধ বা বৃহস্পতিবার বাস্তবায়নের উপায় নিয়ে সুপারিশ তাঁর কাছে জমা দেওয়া হবে। ৩০ অক্টোবর পর্যন্ত কমিশনের মেয়াদ বাড়ানো হবে।

জনসাধারণের অংশগ্রহণের সুবিধার্থে বুধবারের পরিবর্তে ১৭ অক্টোবর শুক্রবার বেলা ৩টায় জাতীয় সংসদের এলডি হলে জুলাই সনদ স্বাক্ষর অনুষ্ঠানের বিষয়ে সিদ্ধান্ত হয়।

বৈঠক শেষে আলী রীয়াজ বলেন, জুলাই জাতীয় সনদ স্বাক্ষর অনুষ্ঠান একটি ঐতিহাসিক ঘটনা। আগ্রহী জনগণের অংশগ্রহণের সুবিধার্থে অনুষ্ঠানটি ১৭ অক্টোবর, শুক্রবার বিকেলে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় অনুষ্ঠিত হবে। যদিও এর আগে কমিশনের তরফ থেকে জানানো হয়েছিল যে ১৫ অক্টোবর বুধবার বিকেলে জুলাই সনদ স্বাক্ষর করা হবে।





পর্যটক হারাচ্ছে যুক্তরাষ্ট্র

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্র বিদেশি পর্যটক হারাচ্ছে। প্রতিদিন মিলিয়ন ডলার বঞ্চিত হচ্ছে দেশটি। প্রেসিডেন্ট ট্রাম্পের ইমিগ্রেশন বিরোধী অবস্থান ও বিদেশিদের প্রতি নেতিবাচক মনোভাবের কারণে পর্যটকরা মুখ ফিরিয়ে নিচ্ছেন। বিশ্লেষকদের মতে, এই প্রবণতা চলতে থাকলে যুক্তরাষ্ট্রের পর্যটন খাতে ১০ বিলিয়ন ডলারেরও বেশি ক্ষতি হতে পারে।

বছরের শুরুতে ধারণা করা হয়েছিল, ২০২৫ সালে বিদেশি পর্যটকদের ব্যয় যুক্তরাষ্ট্রে প্রায় ২০০ বিলিয়ন ডলার ছুঁবে। কিন্তু বছরের মধ্যভাগেই সেই পূর্বাভাস ভেঙে পড়ে। নতুন প্রতিবেদনে বলা হয়েছে, আয় নেমে আসতে পারে ১৭০ বিলিয়ন ডলারে, অর্থাৎ প্রায় ৩০ বিলিয়ন ডলারের ঘাটতি।

বিশেষজ্ঞদের মতে, পর্যটকরা যুক্তরাষ্ট্রে কম সময় থাকছেন, খরচ করছেন আরও সতর্কভাবে। আর এক ডলারে যত সুবিধা পাওয়া যায়- তা এখন অন্য দেশগুলোয় বেশি।

সবচেয়ে বড় পরিবর্তন দেখা যাচ্ছে কানাডায়।

২০২৫ সালের প্রথম ছয় মাসে কানাডিয়ানদের যুক্তরাষ্ট্রে ভ্রমণ উল্লেখযোগ্য হারে কমেছে। অনেকেই এবার নিজ দেশেই পর্যটন খরচ করেছেন- ফলে স্থানীয় হোটেল বুকিং পৌঁছেছে ২০১৯ সালের পর সর্বোচ্চ পর্যায়ে।

কানাডা সরকার জাদুঘর, ঐতিহ্যবাহী স্থান ও জাতীয় উদ্যানের জন্য একীভূত ট্যুর ক্যাম্পেইন চালু করেছে- যা ব্যাপক সফল হয়েছে।

অন্যদিকে যারা দক্ষিণে সূর্যের খোঁজে বেরিয়েছেন, তারা এবার যুক্তরাষ্ট্রের ওপর দিয়ে উড়ে গিয়ে সরাসরি মেক্সিকো বা ক্যারিবীয় দ্বীপগুলোতে নেমেছেন।

সস্তা ফ্লাইট, অনুকূল বিনিময় হার ও অল-ইনক্লুসিভ প্যাকেজের কারণে মেক্সিকো, কোস্টারিকা ও ডোমিনিকান রিপাবলিক এখন পর্যটকদের নতুন প্রিয় গন্তব্য।

বড় বুকিং প্ল্যাটফর্মগুলো জানিয়েছে- ফ্লোরিডা ও ক্যালিফোর্নিয়ার পরিবর্তে এখন অনেক ইউরোপীয় ও কানাডিয়ান পর্যটক বেছে নিচ্ছেন ক্যারিবীয় সৈকত রিসোর্ট।

পশ্চিম ইউরোপের পর্যটকরা এখন যুক্তরাষ্ট্রের বদলে ছোট ইউরোপীয় ট্রিপ কিংবা মধ্যপ্রাচ্যে সংক্ষিপ্ত অবকাশের দিকে ঝুঁকছেন।



এদিকে দক্ষিণ-পূর্ব এশিয়ার ভ্রমণকারীরাও যুক্তরাষ্ট্রের পরিবর্তে আঞ্চলিক গন্তব্য, যেমন- জাপান, দক্ষিণ কোরিয়া, থাইল্যান্ড ও অস্ট্রেলিয়াকে বেছে নিচ্ছেন।

পর্যটন বিশ্লেষকরা বলছেন, এই প্রবণতা 'নতুন ভ্রমণ করিডোর' তৈরি করছে- যেখানে একসময় নিউইয়র্ক বা লস অ্যাঞ্জেলেসে ভ্রমণ করতেন যে পর্যটকরা, এখন তারা যাচ্ছেন প্যারিস, দুবাই বা টোকিওতে।

২০২৫ সালের প্রথম ছয় মাসে যুক্তরাষ্ট্রে আন্তর্জাতিক আগমন ২০২৪ সালের তুলনায় কমেছে।

২০১৯ সালের (মহামারি-পূর্ব) মানদণ্ডের তুলনায় বছরের শেষে ঘাটতি থাকবে কয়েক মিলিয়ন পর্যটক।

অন্যদিকে স্পেন, সৌদি আরব ও তুরস্ক আগের চেয়ে অনেক বেশি আন্তর্জাতিক পর্যটক আগমন রেকর্ড করছে।

পর্যটন গবেষকরা বলছেন, যুক্তরাষ্ট্রের বিশ্ববাজারে শেয়ার একসময় ছিল বড়, কিন্তু এখন তা 'লো সিঙ্গেল ডিজিট' পর্যায়ে নেমে এসেছে- অর্থাৎ সামগ্রিক পর্যটন বৃদ্ধি পেলেও মার্কিন অংশ ক্রমেই ছোট হচ্ছে।

ইলিনয়েস সেনা মোতায়েনে আদালতের স্থগিতাদেশ

ট্রাম্প প্রশাসনের ক্ষোভ

বাংলা পত্রিকা ডেস্ক: ইলিনয়েস'র শিকাগো সহ পুরো স্টেটে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের ন্যাশনাল গার্ড সদস্যরা আপাতত সেখানে অবস্থান করতে পারবে, তবে তাদের সরাসরি মোতায়েন বা টহল অভিযানে নামানো যাবে না। এমন নির্দেশ দিয়েছে আপিল আদালত।

শনিবার রায়ের মাধ্যমে আদালত জানায়, গার্ডদের রাজ্যে অবস্থানের ওপর কোনো নিষেধাজ্ঞা নেই, তবে তারা এখনই মাঠে নামতে পারবে না কিংবা ফেডারেল ছাপনা রক্ষায় দায়িত্ব পালন করতে পারবে না।

ন্যাশনাল গার্ড মোতায়েনের চেষ্টা আবারও বাধাগ্রস্ত হওয়ার পর, ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স বলেছেন, ট্রাম্প প্রশাসন "যতটা সম্ভব মামলার মাধ্যমে লড়াই চালিয়ে যাবে।"

এর আগে বৃহস্পতিবার ফেডারেল বিচারক এপ্রিল পেরি অন্তত দুই সপ্তাহের জন্য ন্যাশনাল গার্ড মোতায়েন সাময়িকভাবে স্থগিত করেন। তিনি বলেন, ট্রাম্প প্রশাসনের অভিবাসন দমন অভিযানের সময় ইলিনয়ে বিদ্রোহ বা সংঘর্ষের কোনো আশঙ্কার "যথেষ্ট প্রমাণ নেই।"

শনিবার আপিল আদালত এই মামলায় পরবর্তী শুনানি না হওয়া পর্যন্ত স্থগিতাদেশ বহাল রাখে।

ন্যাশনাল গার্ড পাঠানো নিয়ে ট্রাম্প প্রশাসনের রাজনৈতিক ও আইনি লড়াই চলছেই। প্রশাসন দাবি করছে, বড় শহরগুলোতে অপরাধ বেড়ে গেছে যদিও সরকারি পরিসংখ্যান সবসময় সেই দাবি সমর্থন করে না।

আইন অনুযায়ী, কোনো রাজ্য ফেডারেল আইন অমান্য করলে বা বিদ্রোহ দমন করতে ব্যর্থ হলে প্রেসিডেন্ট ইনসারেকশন অ্যাক্ট ব্যবহার করে সেনাবাহিনী মোতায়েনের নির্দেশ দিতে পারেন। কিন্তু বিচারক পেরি বলেন, ইলিনয়ে বিদ্রোহ বা অরাজকতার আশঙ্কার কোনো দৃঢ় প্রমাণ পাওয়া যায়নি।

শুক্রবার দেওয়া তার লিখিত রায়ে পেরি ইতিহাস ও সংবিধান সংশ্লিষ্ট নথিও উল্লেখ করেন, বিশেষ করে ১৭৮৭-৮৮ সালে রচিত ফেডারেলিস্ট পেপারসের উদ্ধৃতি টেনে তিনি বলেন, "কোনো প্রমাণ নেই যে বেসামরিক প্রশাসন ব্যর্থ হয়েছে। যারা আইন লঙ্ঘন করেছে, তাদের গ্রেপ্তার করা হয়েছে। আদালত খোলা আছে, এবং মার্শালরা তাদের কাজ সম্পাদনে প্রস্তুত। আইন বাস্তবায়নে সেনাবাহিনীর সহায়তা নেওয়ার কোনো প্রয়োজন দেখা যাচ্ছে না।"

তিনি আরও জানান, ফেডারেল কর্মকর্তারা তাদের দায়িত্ব যথাযথভাবে পালন করতে পেরেছেন এবং সাম্প্রতিক মাসগুলোতে গ্রেপ্তার ও বহিষ্কারের সংখ্যা "অত্যন্ত বেড়েছে।"

বর্তমানে টেক্সাস ও ইলিনয়ের প্রায় ৫০০ ন্যাশনাল গার্ড সদস্য শিকাগোর দক্ষিণ-পশ্চিমে এলউডে অবস্থিত একটি ইউএস আর্মি রিজার্ভ সেন্টারে অবস্থান করছেন। অল্প কিছু সদস্য ব্রডভিউ এলাকায় ইউএস ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) ভবনে মোতায়েন রয়েছেন।

আইনগত টানাপোড়েনের মাঝে শহরটি রবিবার ব্যাংক অফ আমেরিকা শিকাগো ম্যারাথনের জন্য প্রস্তুত, যেখানে ৫৩,০০০ রানার এবং ১৭ লাখ দর্শক অংশগ্রহণ করবে। তবে আসি জানিয়েছে, তারা "সামাজিক বা জনসমাবেশে" কোনো অপারেশন চালায় না, যদি না বিশেষ প্রয়োজনীয় পরিস্থিতি থাকে। শিকাগো পার্ক জেলা সোশ্যাল মিডিয়ায় জানিয়েছে, ম্যারাথনে আইস এজেন্ট থাকার কোনো তথ্য তারা পাননি।

প্রধানত লাতিনো দৌড়া ক্লাব ভেনাডোসের সংগঠক এনরিক রিভেরা বলেন, "আমি দৌড়ার সময়ের চেয়ে প্রস্তুতির সময়ের জন্য বেশি চিন্তিত, যখন মানুষ তিন-চারজনের গ্রুপে বাইরে থাকে। তখন ঝুঁকি বেশি থাকে, আর আপনার পরিবার ঘটনাটি জানার আগ পর্যন্ত জানতে পারবে না।"

পোর্টল্যান্ডের পাশাপাশি শিকাগো সাম্প্রতিক সপ্তাহগুলোতে ট্রাম্প প্রশাসনের জাতীয় অভিবাসন অভিযানকে কেন্দ্র করে উত্তপ্ত হয়ে উঠেছে।

আফগানিস্তান ও পাকিস্তান রাতভর সংঘর্ষ, নিহত ২৫৮

নিজস্ব প্রতিবেদক: আফগানিস্তান সীমান্তে শনিবার রাতভর ব্যাপক সংঘর্ষের পর হতাহতের সংখ্যা প্রকাশ করেছে পাকিস্তান। দেশটি জানিয়েছে, তাদের সেনাদের হামলায় আফগান তালেবানের ২০০ জনের বেশি সৈন্য ও অন্যান্য যোদ্ধা নিহত হয়েছেন। এ ছাড়া আফগানদের হামলায় নিজেদের ২৩ সৈন্য নিহত হয়েছেন বলে জানিয়েছে দেশটির সেনাবাহিনী।

গতকাল পাক সেনাবাহিনীর মিডিং উইং বলেছে, আফগানিস্তান সীমান্তে রাতভর সংঘর্ষে আমাদের ২৩ সেনা নিহত ও ২৯ জন আহত হয়েছেন।

তালেবান সেনাদের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে দাবি করে পাক সেনাবাহিনী বলেছে, তালেবানের অবকাঠামো, সেনা পোস্ট, ক্যাম্প, হেড কোয়ার্টার এবং সন্ত্রাসীদের সাপোর্ট নেটওয়ার্কের ক্ষতি ছিল ব্যাপক। যার সবই হয়েছে সীমান্ত ও কৌশলগত অঞ্চলে। এদিকে গতকাল সকালে তালেবান সরকারের মুখপাত্র জাবিহুল্লাহ মুজাহিদ দাবি করেন, তাদের হামলায় ৫৮ পাক সেনা নিহত হয়েছেন। আর নিজেদের ৯ সেনা প্রাণ হারান বলে জানান তিনি।

শনিবার রাতের আকস্মিক হামলা-পাল্টা হামলায় দুই প্রতিবেশীর মাঝে নতুন করে যুদ্ধের দামামা বাজছে। ২০২১ সালে তালেবান ক্ষমতায় আসার পর দুই প্রতিবেশীর মাঝে এবারের এ সংঘাতকে সবচেয়ে ভয়াবহ বলে মনে করা হচ্ছে। নতুন করে এ সংঘাতের জন্য উভয় দেশই পরস্পরকে দোষারোপ করছে। পাকিস্তানে আফগানিস্তানের হামলাকে 'বিনা উসকানিতে আগ্রাসন' বলে দাবি করেছে ইসলামাবাদ। দেশটির স্বরাষ্ট্রমন্ত্রী মোহসিন নাকভি বলেছেন, বেসামরিক জনগণের ওপর গুলিবর্ষণ আন্তর্জাতিক আইন লঙ্ঘনের স্পষ্ট উদাহরণ এবং পাকিস্তান সেনাবাহিনী দ্রুত ও কার্যকর জবাব দিয়েছে। এদিকে কাবুলের তালেবান সরকার অভিযোগ করেছে, আফগানিস্তানের আকাশসীমা লঙ্ঘন করে গত বৃহস্পতিবার রাজধানী কাবুলসহ বিভিন্ন ছানে প্রাণঘাতী বিমান হামলা চালিয়েছে পাকিস্তান। আফগান কর্মকর্তারা বলেছেন, বার বার আকাশসীমা লঙ্ঘনের জবাবে শনিবার রাতে পাকিস্তানের বিরুদ্ধে প্রতিশোধমূলক অভিযান পরিচালনা করা হয়েছে।

আফগানিস্তান-পাকিস্তানকে সংযম প্রদর্শনের আহ্বান সৌদি-কাতারের

রক্তক্ষয়ী সংঘর্ষের পর দুই দেশকে সংযম প্রদর্শনের আহ্বান জানিয়েছে সৌদি আরব ও কাতার। এ নিয়ে সৌদি আরব বলেছে, পাকিস্তান এবং আফগানিস্তানের সীমান্তবর্তী এলাকায় চলমান উত্তেজনা ও সংঘর্ষের ঘটনা গভীর উদ্বেগের সঙ্গে পর্যবেক্ষণ করছে সৌদি আরব। আমরা উভয় পক্ষকে সর্বোচ্চ সংযম প্রদর্শন, পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং আলোচনার মাধ্যমে সমাধানের পথ খুঁজে বের করার অনুরোধ জানাই। ভ্রাতৃপ্রতিম দেশ আফগানিস্তান ও পাকিস্তানের নিরাপত্তা এমন পথে হোক যেটি শান্তি ও স্থিতিশীলতা নিশ্চিত করবে, সেটিতে সৌদির অব্যাহত ৯-এর পৃষ্ঠায় দেখুন

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কৃতিত্বের এডিনিটর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class (Operate by JH office)
- Good For TLC, Insurance & Point Redaction. (Operate by JH office)



বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ ২টি লেসন একত্রে
OPEN 7 DAYS Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
25 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

আফগানিস্তান ও পাকিস্তান

৮-এর পৃষ্ঠায় পর সমর্থন থাকবে।

অপরদিকে কাতার পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে বলেছে, উভয়পক্ষকে আমরা আলোচনা, কূটনীতি এবং সংযম প্রদর্শনের আহ্বান জানাচ্ছি। এ ছাড়া এমন পথে দ্বন্দ্ব নিরসন করুন যেটি উত্তেজনা প্রশমন এবং আঞ্চলিক শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করবে। সৌদির মতো কাতারও পাকিস্তান ও আফগানিস্তানকে ভ্রাতৃপ্রতিম দেশ হিসেবে অভিহিত করেছে।

কাতার ও সৌদি আরবের আহ্বানে সাড়া দিয়ে 'আপাতত সময়ের জন্য' পাকিস্তানের সঙ্গে সংঘাত থামানো হয়েছে বলে জানিয়েছেন ভারত সফররত আফগানিস্তানের পররাষ্ট্রমন্ত্রী আমির খান মুত্তাকি। গতকাল নয়াদিল্লিতে এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, শনিবার রাতে আমরা আমাদের সামরিক লক্ষ্য অর্জন করেছি। আমাদের বন্ধু কাতার এবং সৌদি আরব আহ্বান জানিয়েছে, এ দ্বন্দ্ব শেষ হওয়া উচিত।

মাওলানা আবদুল কাইয়্যুম

শেষ পৃষ্ঠায় পর ইলাহি রাজিউন। গত ১০ অক্টোবর শুক্রবার বাংলাদেশ সময় সন্ধ্যা সাড়ে সাতটায় নিজবাড়ী কুমিল্লার লালমাইর উপজেলার বড়তুলা গ্রামে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর বয়স হয়েছিল ৭২ বছর। মৃত্যুকালে তিনি ৩ ছেলে ১ মেয়েসহ আত্মীয় স্বজন এবং অসংখ্য ছাত্র-ছাত্রী ও গুণগ্রাহী রেখে গেছেন। খবর ইউএনএ'র।

এদিকে শনিবার (১১ অক্টোবর) বাংলাদেশ সময় সকাল ১১টায় তার নিজ গ্রামের মসজিদে নামাজে জানাযা শেষে তার মরদেহ পারিবারিক কবরস্থানে সমাহিত করা হয়। জানাজায় বিপুল সংখ্যক লোক অংশ নেন।

অপরদিকে নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম মজুমদারের বড় ভাইয়ের মৃত্যুতে প্রেসক্লাব এর সভাপতি মনোয়ারুল ইসলাম, কোষাধ্যক্ষ রশীদ আহমদ ও সাংগঠনিক সম্পাদক সৈয়দ ইলিয়াস খসরু সহ কার্যকরী কমিটির কর্মকর্তারা মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর শোক প্রকাশ ও সমবেদনা জানিয়েছেন।

এছাড়াও সাপ্তাহিক বাঙালী সম্পাদক কৌশিক আহমেদ, সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা পরিবারের পক্ষ থেকে সিইও আবু তাহের, সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, সাপ্তাহিক আজকাল সম্পাদক শাহ নেওয়াজ, সাপ্তাহিক প্রবাস সম্পাদক মোহাম্মদ সাঈদ, সাপ্তাহিক দেশ সম্পাদক মিজানুর রহমান, আজকের টেলিগ্রাম ও সাপ্তাহিক হককথা সম্পাদক এবিএম সালাহউদ্দিন আহমেদ, সাপ্তাহিক সাদাকালো'র নির্বাহী সম্পাদক মোহাম্মদ কাশেম, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক শিবলী চৌধুরী কায়েস সহ কমিউনিটি নেতৃবৃন্দ গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন।

আমি পুলিশ বিরোধী

প্রথম পৃষ্ঠার পর শাপাশি বাংলাদেশী অধ্যুষিত জ্যাকসন হাইটস সহ নিউইয়র্ক সিটিকে সবার বাসযোগ্য শহরে পরিণত করার উপর গুরুত্বারোপ করেন।

গত শনিবার (১১ অক্টোবর) সকালে ম্যানহাটনে ডেমোক্র্যাটিক মেয়র প্রার্থী জোহরান মামদানির ক্যাম্পেইন হেডকোয়ার্টারে 'সাউথ এশিয়ান এথনিক মিডিয়া এংগেজমেন্ট এন্ড ইন্টারভিউ উইথ জোহরান' অনুষ্ঠানে তিনি সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে জোহরান মামদানি বলেন, তিনি মেয়র নির্বাচিত হলে বাংলাদেশী অধ্যুষিত জ্যাকসন হাইটস সহ সিটিকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে গার্বেজের ফান্ড বৃদ্ধি, গ্রীন পার্ক আর এফোর্টেবল হাউজিং সৃষ্টির উপর গুরুত্ব দেবেন। নিউইয়র্ক সিটির জরুরী অনেক বিষয়ের মধ্যে উল্লেখিত তিনটি সমস্যা অন্যতম।

এক প্রশ্নের উত্তরে মামদানী জানান, শিশু-কিশোর সহ নিউইয়র্ক শহরের বাসিন্দাদের জন্য আরো অনেক গ্রীন পার্কের সৃষ্টি করা হবে। যাতে সবাই খোলা মনে নিঃশ্বাস নিতে পারবে। অপর এক প্রশ্নের উত্তরে মামদানী বলেন, শহরের বাসস্থানের উচ্চমূল্যের কারণে

ওয়াল স্ট্রিটে রেকর্ড পতন, ট্রাম্পের আমলে সবচেয়ে বড় ধস

প্রথম পৃষ্ঠার পর সপ্তাহজুড়ে অর্জিত সব লভ্যাংশ উবে যায়। বিশ্লেষকদের মতে, এটি ২০১৬ সালে ট্রাম্প প্রেসিডেন্ট হওয়ার পর থেকে সবচেয়ে বড় বাজার ধস।

ডাও জোন্স সূচক ৯০০ পয়েন্ট বা ২.৪ শতাংশ নেমে যায়, নাসডাক সূচক পড়ে ৩.৫ শতাংশ, আর এসঅ্যান্ডপি ৫০০ সূচক কমে ২.৫ শতাংশ। প্রযুক্তি খাতেও ধস নামে কোয়ালকম-এর শেয়ার প্রায় ৭ শতাংশ কমে যায়। বিশ্লেষকরা বলছেন, এই সিদ্ধান্ত বিশ্ব অর্থনীতিতে অনিশ্চয়তা আরও গভীর করবে এবং দুই পরাশক্তির মধ্যে বাণিজ্যযুদ্ধ আবারও তীব্র আকার ধারণ করতে পারে। ইতোমধ্যেই বৈশ্বিক বাজারে অস্থিরতা ছড়িয়ে পড়েছে।

যুক্তরাষ্ট্রের অর্থনীতি এগিয়ে নিচ্ছে এআই : অর্থনীতির জন্য আশঙ্কা বিশ্লেষকদের

এদিকে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শুল্ক ও অভিবাসন-নীতি ব্যবসা-বাণিজ্যে অস্থিরতা সৃষ্টি করলেও, যুক্তরাষ্ট্রের অর্থনীতি তুলনামূলকভাবে স্থিতিশীল রয়েছে। বিশেষজ্ঞদের মতে, এর জন্য দেশটি কৃত্রিম বুদ্ধিমত্তা এআই শিল্পের কাছে ঋণী। এদিকে গত মাসেই টেক্সাসের অ্যাবিলিনে ৫০০ বিলিয়ন ডলারের 'স্টারগেট' কর্মসূচির প্রধান ডেটা সেন্টার চালু হয়েছে। এটি ওরাকল, ওপেনএআই ও জাপানের সফটব্যাংকের যৌথ উদ্যোগে গঠিত একটি প্রকল্প, যার লক্ষ্য যুক্তরাষ্ট্রে এআই অবকাঠামো উন্নয়ন। একই সময়ে, চিপ নির্মাতা এনভিডিয়া ঘোষণা করেছে যে তারা ওপেনএআই-এ সর্বোচ্চ ১০০ বিলিয়ন ডলার বিনিয়োগ করবে এবং ডেটা সেন্টারের জন্য চিপ সরবরাহ করবে। এআই নিয়ে এই বিপুল উৎসাহ আপাতত যুক্তরাষ্ট্রের অর্থনীতিকে টিকিয়ে রাখছে বলে মনে হচ্ছে, তবে কোনো কোনো বিশ্লেষকের মতে এআই নিয়ে অতিরিক্ত উৎসাহ ভবিষ্যতে আমেরিকার অর্থনীতির জন্য আশঙ্কার কারণ হতে পারে।

ঋণখেলাপির হয়ে স্বপ্নের বাড়িটি হারাচ্ছেন হাজারো গৃহ

প্রথম পৃষ্ঠার পর তোলা হবে। এমন সংবাদে হতবাক ড্র্যাক্সলার বললেন, কোনো সতর্কবার্তাই পাননি তিনি। "আমাকে কখনো ফোন করে বলেনি যে আমার মাথার ওপর থেকে এভাবে বাড়ি কেড়ে নেওয়া হবে।"

প্রতিষ্ঠানটির দাবি, নিয়ম মেনেই ঋণখেলাপিদের ডাক ও ফোনের মাধ্যমে আগেভাগে জানানো হয়। তবে ড্র্যাক্সলার বলছেন, প্রতিবন্ধী অবস্থায় তিনি টিকে ছিলেন মূলত তার ছেলের সাহায্যে, যিনি মাসে ৬০০ ডলার দিতেন সংসার চালাতে। ছেলে আলাদা হয়ে যাওয়ার পর থেকেই তার ঋণের বোঝা বাড়তে থাকে এবং মর্টগেজ পরিশোধে পিছিয়ে পড়েন।

ড্র্যাক্সলারের এই অভিজ্ঞতা যুক্তরাষ্ট্রের বহু বাড়ির মালিকের বাস্তব চিত্র ফুটিয়ে তোলে। বাড়ি থেকে শুরু করে মুদি, বিদ্যুৎ, বীমা–সব ক্ষেত্রেই খরচ বেড়ে যাওয়ায় যেকোনো অপ্রত্যাশিত পরিস্থিতি, যেমন চাকরি হারানো বা হঠাৎ চিকিৎসা ব্যয়, তাদের মর্টগেজ কিস্তি বন্ধ হয়ে যাওয়ার ঝুঁকিতে ফেলছে।

সাম্প্রতিক তথ্য বলছে, ফোরক্লোজার এখনো মহামারীর আগের মাত্রায় না পৌঁছালেও, ধারাবাহিকভাবে বাড়ছে। ২০২৫ সালের আগস্ট পর্যন্ত টানা ছয় মাসে এ সংক্রান্ত মামলার সংখ্যা বেড়েছে, যা ২০২৪ সালের তুলনায় প্রায় ১৮ শতাংশ বেশি। জুন পর্যন্ত প্রায় ১ লাখ ৮৮ হাজার সম্পত্তি ফোরক্লোজারের আওতায় গেছে, যা গত বছরের মোট ৩ লাখ ২২ হাজারের সংখ্যাকে ছাড়িয়ে যেতে পারে।

ড্র্যাক্সলার শেষ মুহূর্তে বাড়ি রক্ষা করেছেন দেউলিয়া আইন অনুযায়ী অধ্যায় ১৩-তে আবেদন করে, যা ঋণ ধীরে ধীরে শোধ করার সুযোগ দেয়। তবুও ৩০ বছরের বেশি সময় ধরে যার ঘরকে তিনি নিজের বলে জানতেন, সেটি হারানোর দোরগোড়ায় গিয়ে দাঁড়ানো স্মৃতিই তাকে আজও নাড়া দিচ্ছে।

নিউইয়র্কে 'সাবওয়ে সার্ফিংয়ে' বাড়ছে মৃত্যু

প্রথম পৃষ্ঠার পর বুক স্টাইলের শিক্ষামূলক ক্যাম্পেইনও চলছে। এত নিরাপত্তার মধ্যে এসব কিশোর-তরুণরা কীভাবে এত সহজে ট্রেনের ছাদে ওঠে? সেটি অনেক প্রশ্নের জন্ম দেয়।

নিউইয়র্কের ১৫ বছর বয়সী কেভন উভেন ছোটবেলা থেকেই ট্রেন ভালোবাসত। শহরের বিশাল সাবওয়ে নেটওয়ার্ক তার মুখস্থ ছিল। স্বপ্ন ছিল একদিন ট্রেন অপারেটর হবে। কিন্তু ২০২২ সালের এক শীতের সকালে তার সেই স্বপ্ন থেমে যায়। ব্রুকলিনে চলন্ত জে-ট্রেনের ছাদে উঠেছিল কেভন, এরপর ট্রেনটি যখন উইলিয়ামসবার্গ ব্রিজে ওঠে, সে পা পিছলে পড়ে যায় রেললাইনে এবং মারা যায় সে।

কেভনের মা ইয়েভন্ডা ম্যাক্সওয়েল বলেন, "আমার ছেলের মৃত্যুর দু'সপ্তাহ পরেই আবার আরেকজন মারা গেল। তারপর আরও একজন। কেন কেভনের মৃত্যু শেষ হতে পারল না?"

এমটিএ জানিয়েছে, তারা এখনো ট্রেনগুলোকে কম আরোহনযোগ্য করতে নানা প্রযুক্তিগত উপায় খুঁজছে। পরীক্ষামূলকভাবে দুটি ট্রেনের মাঝে রাবারের বৃত্তাকার পাইপ বসানো হয়েছে, যাতে কেউ ছাদের দিকে উঠতে না পারে। কিন্তু এখনো বড় কোনো প্রকল্প চালু হয়নি।

২০২৪ সালে কেভনের ট্রেন চালানো অপারেটর টাইশা এলকক বলেন, সহজ সমাধান হতে পারে–চলন্ত অবস্থায় ট্রেনের মধ্যবর্তী দরজা লক রাখা। "যদি দরজা বন্ধ থাকত, ওরা ছাদে উঠতেই পারত না,"।

এমটিএ অবশ্য জানায়, এমন লক দিলে জরুরি অবস্থায় যাত্রীরা এক বগি থেকে আরেক বগিতে যেতে না পারার ঝুঁকি তৈরি হতে পারে।

এমটিএ জানিয়েছে, তারা ২০২৫ সালে ১,৮০০-এর বেশি সাবওয়ে সার্ফিং ভিডিও সরাতে পেরেছে। তবু নতুন ভিডিও প্রতিদিনই উঠে আসছে। পুলিশ জানায়, ২০২৪ সালে এ ধরনের ঘটনায় ২২৯ জনকে গ্রেপ্তার করা হয়েছে তাদের গড় বয়স মাত্র ১৪ বছর, সবচেয়ে ছোটটি মাত্র ৯ বছর।

বিশেষজ্ঞরা বলছেন, ট্রেনের ছাদে ওঠা ঠেকাতে নতুন সেন্সর বা কৃত্রিম বুদ্ধিমত্তা-নির্ভর নজরদারি ব্যবস্থা চালু করা যেতে পারে, কিন্তু এতে বিপুল অর্থের প্রয়োজন। অনেক শহরে যেমন হংকং বা দুবাইতে ট্রেনের বাহিরে কোনো হ্যান্ডেল বা ফাঁক না থাকায় সেখানে এমন দুর্ঘটনা ঘটে না।

এদিকে নিউইয়র্কের ট্রেন সার্ভিসে নতুন যে বগিগুলো যোগ হচ্ছে, সেগুলোর নকশাতেও ছাদে ওঠার ফাঁক রাখা হয়নি। তবে এগুলোর সংখ্যা এখনো খুবই সীমিত, আর যেসব রুটে কিশোররা বেশি সার্ফিং করে সেখানে এগুলো আসতে সময় লাগবে।

চাকরি হারাচ্ছেন ফেডারেল কর্মীরা

প্রথম পৃষ্ঠার পর কর্মীরা আংশিক বা সম্পূর্ণ বেতন পাচ্ছেন না। সেনারা পুরো বেতন হারাতে যাচ্ছেন ১৫ অক্টোবরের পর।

সিবিএস নিশ্চিত করেছে, শুক্রবার থেকে ৪,০০০-এর বেশি ফেডারেল কর্মচারীকে ৬০ দিনের মধ্যে চাকরিচ্যুত করার নোটিশ দেওয়া হয়েছে। আদালতে দাখিল করা এক নথিতে বলা হয়েছে, ৭টি ফেডারেল সংস্থায় এই ছাঁটাই প্রক্রিয়া শুরু হয়েছে।

বিশ্ববিদ্যালয় ও স্বাস্থ্য সংস্থাসহ বেশ কিছু বিভাগে কর্মী ছাঁটাই করা হচ্ছে, যার মধ্যে শত শত কর্মীকে ছাঁটাই বা ছুটিতে পাঠানোর নির্দেশ দেয়া হয়েছে। সেই সঙ্গে এই সিদ্ধান্তে কেন্দ্রীয় স্বাস্থ্য ও মানবসেবা মন্ত্রণালয়, ট্রেজারি, শিক্ষা মন্ত্রণালয় এবং বিভিন্ন নিরাপত্তা সংস্থাও প্রভাবিত হচ্ছে।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সেনা কর্মীদের বেতন নিশ্চিত করতে সব সংস্থান ব্যবহার করার ঘোষণা দিয়েছেন, তবে তা কতটা কার্যকর হবে তা নিয়ে সংশয় প্রকাশ করেছেন অনেক বিশ্লেষক। বিশেষজ্ঞরা মনে করছেন, যদি বন্ধ অব্যাহত থাকে তবে কর্মচারীরা ক্ষতিগ্রস্ত হবেন আরও বেশি।

সরকারি কর্মীদের উপর চাপ বেড়েই চলেছে, এবং রাজনৈতিক মহলে এর প্রতিক্রিয়া তীব্রতর হচ্ছে। কিছু রাজনৈতিক নেতারা এ পদক্ষেপকে 'অবৈধ' এবং 'অসংবিধানিক' আখ্যা দিয়েছেন।

এদিকে রক্ষণশীলরা দাবি করেছেন, কর্মী ছাঁটাই নীতির মাধ্যমে সরকার তাদের বাজেট পরিকল্পনাকে শক্তিশালী করার চেষ্টা করছে, তবে এই পরিস্থিতি দ্রুত শেষ না হলে দেশের অর্থনৈতিক অবস্থা আরও খারাপ হতে পারে।

এর আগে ট্রাম্প প্রশাসনের পক্ষ থেকে শুক্রবার জানানো হয়েছে, ট্রেজারি ডিপার্টমেন্ট, স্বাস্থ্য সংস্থা, অভ্যন্তরীণ রাজস্ব বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় ও হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের সাইবার নিরাপত্তা ইউনিটে এরই মধ্যে কর্মী ছাঁটাই শুরু হয়েছে। তবে মোট কতজন কর্মী চাকরি হারাতে যাচ্ছেন, তা এখনো পরিষ্কার নয়।

যুক্তরাষ্ট্র সরকারের তথ্য অনুযায়ী, এ বছরের শুরুতে ট্রাম্পের সংকোচন অভিযানের অংশ হিসেবে প্রায় তিন লাখ ফেডারেল কর্মী চাকরিচ্যুত হওয়ার তালিকায় ছিলেন।

হোয়াইট হাউসে শুক্রবার এক অনুষ্ঠানে সাংবাদিকদের সঙ্গে আলাপে প্রেসিডেন্ট ট্রাম্প বলেন, 'ওরা (ডেমোক্র্যাটরা) বিষয়টা শুরু করেছে।'

তিনি ট্রাম্পের রিপাবলিকান দল কংগ্রেসের দুই কক্ষেই সংখ্যাগরিষ্ঠতা রাখলেও সরকারি তহবিল অনুমোদনের জন্য সিনেটে ডেমোক্র্যাটদের ভোটের প্রয়োজন হয়।

ডেমোক্র্যাটরা স্বাস্থ্যবিমা ভর্তুকি বাড়ানোর দাবিতে অটল আছেন। তাঁদের যুক্তি, যদি এই ভর্তুকি নবায়ন করা না হয়, তাহলে 'অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্টের' আওতায় থাকা প্রায় ২ কোটি ৪০ লাখ আমেরিকান নাগরিকের স্বাস্থ্য খরচ মারাত্মকভাবে বেড়ে যাবে।

শাটডাউন সংকট শনিবার ১৩তম দিনে গড়ায়। ট্রাম্প এর মধ্যে একাধিকবার হুঁশিয়ারি দিয়েছেন, সরকারি কর্মীদের তিনি বরখাস্ত করবেন এবং তাঁর প্রশাসনের ছাঁটাই মূলত সেসব সংস্থাকে লক্ষ্য করে হবে, যেগুলো ডেমোক্র্যাটদের সমর্থনে চলে।

এ ছাড়া ট্রাম্প অন্তত ২৮ বিলিয়ন

রেডিয়েশন থেরাপি নিচ্ছেন

প্রথম পৃষ্ঠার পর মুখপাত্র এনবিসি নিউজকে বলেন, প্রোস্টেট ক্যান্সারের চিকিৎসা পরিকল্পনার অংশ হিসেবে, বাইডেন বর্তমানে রেডিয়েশন থেরাপি এবং হরমোন চিকিৎসা নিচ্ছেন।

মুখপাত্র বলেন, নতুন চিকিৎসা পাঁচ সপ্তাহ ধরে চলবে বলে আশা করা হচ্ছে। তিনি ইতোমধ্যেই বড়ি আকারে হরমোনের ওষুধ গ্রহণ করছিলেন। গত মে মাসে বাইডেনের আক্রমণাত্মক প্রোস্টেট ক্যান্সার ধরা পড়েছিল। এটি তার হাড় পর্যন্ত ছড়িয়ে পড়েছে।

২০২৪ সালের নির্বাচনে রিপাবলিকান ডোনাল্ড ট্রাম্পের জয়লাভের পর জানুয়ারিতে ডেমোক্র্যাট নেতা বাইডেন হোয়াইট হাউস ছেড়ে চলে যান। মে মাসের শেষের দিকে বাইডেন প্রথমবারের মতো জনসমক্ষে তার রোগ ধরা পড়ার কথা জানানা। তবুও আশাবাদ ব্যক্ত করে তিনি বলেন, আমরা এটিকে পরাজিত করতে সক্ষম হব।

বাইডেন তার মেয়াদ শেষ হওয়ার পর ডেলাওয়্যারে নিজ বাড়িতে ফিরে গেছেন। আগামী মাসে তিনি ৮৩ বছর বয়সে পা দেবেন। প্রসঙ্গত, গত সেপ্টেম্বর মাসে তার ত্বক থেকে ক্যান্সার কোষ অপসারণের জন্য মোহস সার্জারি নামে পরিচিত একটি পদ্ধতি ব্যবহার করা হয়।

চলতি বছরে ৬ লাখ অবৈধ

প্রথম পৃষ্ঠার পর মন্ত্রী ক্রিস্টি নোম এমন একটি সংস্থাকে পুনর্জাগরিত করেছেন, যাকে আগের চার বছরে কার্যত কাজ করতে দেওয়া হয়নি।" তিনি জানান, "অভিবাসীদের প্রতি এখন আমাদের বার্তা এখনই চলে যাও, না হলে পরিণতির মুখোমুখি হও। অনেকেই সীমান্তে পৌঁছানোর আগেই ফিরে যাচ্ছেন।"

আইস জানায়, সেপ্টেম্বর পর্যন্ত টানা চার মাসে একটিও অবৈধ সীমান্ত অতিক্রমকারীকে দেশে প্রবেশ করেনি।

কঠোর অভিযানে উত্তেজনা ও সহিংসতা

আইস'র অভিযান এখন সবচেয়ে তীব্র লস অ্যাঞ্জেলেস, শিকাগো ও ওরেগনের পোর্টল্যান্ডে–যেগুলো দীর্ঘদিন 'সাংচুয়ারি সিটি' হিসেবে পরিচিত ছিল। সেখানে গ্রেপ্তার অভিযানে হামলা, ধাওয়া, এমনকি গুলি বর্ষণের ঘটনাও ঘটছে।

২০২৫ সালে আইস কর্মকর্তাদের ওপর হামলা বেড়েছে ১০ গুণ। গত তিন মাসে শুধু টেক্সাসে তিনটি হামলার ঘটনা ঘটেছে। সর্বশেষ ঘটনায় ২৯ বছর বয়সী এক বন্দুকধারী ডালাসের অভিবাসন কেন্দ্রে গুলি চালিয়ে দুই অভিবাসীকে হত্যা করে, যাদের শিগগিরই ফেরত পাঠানো হচ্ছিল।

শিকাগোতেও উত্তেজনা চরমে পৌঁছেছে। শহরের ব্রডভিউ এলাকায় আইসিই ভবনের সামনে বিক্ষোভকারীদের সঙ্গে সংঘর্ষে আহত হয়েছে একাধিক কর্মকর্তা। দক্ষিণ শিকাগোতে একদল বিক্ষুব্ধ জনতা গাড়ি দিয়ে ঘেরাও করে আইস কর্মকর্তাদের ওপর হামলা চালায়। স্থানীয় পুলিশের ওপর অভিযোগ উঠেছে যে তারা ইচ্ছাকৃতভাবে সহায়তা করতে অস্বীকার করেছে, যদিও বিভাগ তা অস্বীকার করেছে। এছাড়া কোর্টসহ বিভিন্ন কর্মক্ষেত্রে আইস ও ফেডারেল সংস্থার অভিযানের সময় আমেরিকান নাগরিকসহ বেশ কিছু অভিবাসী নারী পুরুষ লাঞ্ছিতের শিকারের ঘটনাও বেড়েছে।

যুক্তরাষ্ট্রে বিস্ফোরক

প্রথম পৃষ্ঠার পর হয়ে গেছে। বিস্ফোরণের সময় কয়েক মাইল দূরের বাড়িঘরও কেঁপে উঠেছিল। ধ্বংসাবশেষগুলো উড়ে বিভিন্ন জায়গায় পড়েছে।

শুরুতে বিস্ফোরণে ১৮ জনের মৃত্যু হয়েছে বলে ধারণা করা হয়েছিল। তবে হামফ্রিস কাউন্টি শেরিফ ক্রিস ডেভিস বলেছেন, মৃত ধরে নেওয়া ব্যক্তিদের মধ্যে দুজন ঘটনাস্থলে ছিলেন না বলে তাঁরা পরে জানতে পেরেছেন। ঘটনাস্থলে ওই দুই ব্যক্তির গাড়ি ও ব্যক্তিগত জিনিসপত্র পাওয়া যাওয়ায় শুরুতে তাঁদের মৃত হিসেবে ধরে নেওয়া হয়েছিল।

এক বিবৃতিতে কোম্পানিটি এ বিস্ফোরণের ঘটনাকে 'মর্মান্তিক দুর্ঘটনা' বলে উল্লেখ করেছে।

তবে আইনপ্রয়োগকারী সংস্থা ব্যুরো অব অ্যালকোহল, টোবাকো, ফায়ারআর্মস অ্যান্ড এক্সপ্লোসিভসের কর্মকর্তা ব্রাইস ম্যাকক্রাকেন গতকাল রাতে সাংবাদিকদের বলেন, এ বিস্ফোরণের উৎস এবং কারণ জানার বিষয়ে কর্তৃপক্ষ ওই দিন পর্যন্ত খুব একটা এগোতে পারেনি।

যুক্তরাষ্ট্রে নির্বিচার গুলিতে নিহত ৪

প্রথম পৃষ্ঠার পর

মধ্যে চারজনের অবস্থান সঙ্কটজনক।

শুক্রবার প্রায় মধ্যরাতের দিকে অঙ্গরাজ্যটির রাজধানী শহর জ্যাকসন থেকে ১৯০ কিলোমিটার উত্তরপূর্বে লেল্যান্ড শহরের প্রধান সড়কে গুলির ঘটনাটি ঘটে, শহরটির মেয়র জন লি বিবিসির মার্কিন অংশীদার সিবিএসকে এমনটি জানিয়েছেন।

তিনি জানান, আহতদের মধ্যে চারজনকে সঙ্কটজনক অবস্থায় হেলিকপ্টারে করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এ ঘটনায় সন্দেহভাজন কেউ গ্রেফতার হয়নি।

অন্য দিনগুলোর তুলনায় শুক্রবার লেল্যান্ডে লোকজনের আনাগোনা ও একটু বেশি ব্যস্ততা ছিল। যুক্তরাষ্ট্রের স্কুল বা কলেজের সাবেক ছাত্রদের স্বাগত জানানোর ঐতিহ্যবাহী অনুষ্ঠান 'হোমকামিং' এর দিন ছিল এটি। দিনটি উপলক্ষ্যে স্থানীয় এক হাইস্কুল ফুটবল খেলার আয়োজন করেছিল।

এই ফুটবল খেলা শেষ হওয়ার পর গুলির ঘটনাটি ঘটে বলে স্থানীয় গণমাধ্যমের খবর।

ইলিয়াস আলী গুমে কারা জড়িত তা তদন্তে এসেছে -চিফ প্রসিকিউটর

বাংলা পত্রিকা ডেস্ক: গুম হওয়া বিএনপি নেতা ইলিয়াস আলীকে কারা তুলে নিয়েছিল, তদন্তের মাধ্যমে তা বের করা হয়েছে বলে ট্রাইব্যুনালকে জানিয়েছেন চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম। জুলাই গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধে শেখ হাসিনাসহ তিন আসামির বিরুদ্ধে করা মামলায় রোববার যুক্তিতর্ক উপস্থাপনের সময় এ বিষয়টি উল্লেখ করেন তিনি।

তবে কারা ইলিয়াস আলীকে তুলে নিয়েছিল, তাঁদের কারও নাম উল্লেখ করেননি চিফ প্রসিকিউটর। উল্লেখ্য, ২০১২ সালের ১৭ এপ্রিল ঢাকার বনানী থেকে গুম হন ইলিয়াস আলী।

যুক্তিতর্ক উপস্থাপনের সময় চিফ প্রসিকিউটর বলেন, গুম ও বিচারবহির্ভূত হত্যার নির্দেশদাতা ছিলেন শেখ হাসিনা। আয়নাঘরে (গোপন বন্দিশালা) নির্যাতনের যেসব উপাদান থাকত, তা গুমের শিকার ব্যক্তির ওপর প্রয়োগ করা হতো কি না, সেটিও ফোন করে জানতে চাইতেন তিনি। প্রতিটি ঘটনার (গুম) 'ফার্স্টহ্যান্ড নলেজ' ছিল শেখ হাসিনার।

চিফ প্রসিকিউটর বলেন, শেখ হাসিনা চাইলে যা খুশি সেটা করতে পারতেন। তিনি যে একটা দানবীয় শক্তির প্রধান হয়ে দাঁড়িয়েছিলেন, সেই জিনিসটা এই মামলার পটভূমি হিসেবে কাজ করছে।

আওয়ামী লীগের শাসনামলে কীভাবে নির্বাচন ও বিচারব্যবস্থা ধ্বংস করা হয়েছে, তা-ও তুলে ধরেন চিফ প্রসিকিউটর। তিনি বলেন, পালিয়ে যাওয়ার আগেও বল প্রয়োগ করে টিকে থাকার চেষ্টা করেছিলেন শেখ হাসিনা।

এই মামলায় শেখ হাসিনার পাশাপাশি সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান ও পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আবদুল্লাহ আল-মামুনও আসামি। অবশ্য মামুন এ মামলায় দোষ স্বীকার করে 'অ্যাপ্রুভার' (রাজসাক্ষী) হিসেবে জবানবন্দি দিয়েছেন।

বিচারকদের জবাবদিহি করা

যুক্তিতর্ক উপস্থাপনের সময় সাবেক প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হকের প্রসঙ্গ তোলেন চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম। তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বাতিলের জন্য সাবেক প্রধান বিচারপতিকে দায়ী করেন তিনি।

তখন ট্রাইব্যুনাল-১ এর চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদার বলেন, বিচারকদের জবাবদিহি করার কোনো ব্যবস্থা নেই। বিচারকদের জবাবদিহি করতে 'জুডিশিয়াল অ্যাকাউন্টেবিলিটি কমিশন' করা প্রয়োজন।

বাতিল হচ্ছে ডিজিটাল নিরাপত্তা আইনের সব মামলা, দায়মুক্তি পাচ্ছেন আসামিরা

বাংলা পত্রিকা ডেস্ক: সাইবার সুরক্ষা অধ্যাদেশ আবারও সংশোধন করছে সরকার। এর মাধ্যমে এরই মধ্যে রহিত হওয়া ডিজিটাল নিরাপত্তা আইনের অধীনে থাকা সব মামলা বাতিল ঘোষণা করে সাইবার সুরক্ষা অধ্যাদেশে একটি ধারা যুক্ত করা হয়েছে। এর ফলে ওই আইনে সাজাপ্রাপ্ত ও মামলায় অভিযুক্ত সবাই মামলার দায় থেকে মুক্তি পাবেন এবং তদন্তাধীন মামলাও বাতিল হবে।

বৃহস্পতিবার রাজধানীর তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে অনুষ্ঠিত হয় উপদেষ্টা পরিষদের বৈঠক।

বৈঠকে 'সাইবার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫' এর ৫০ ধারা সংশোধনের প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। প্রধান উপদেষ্টার সভাপতিত্বে উপদেষ্টা পরিষদের সভায় ১১টি অধ্যাদেশ এবং তিনটি প্রস্তাব অনুমোদন দেওয়া হয়ে।

সাইবার সুরক্ষা অধ্যাদেশের ধারা ৫০ সংশোধন করে ৫০ এর উপ-ধারা (৪) এর পর নতুন উপ-ধারা (৪ক) যুক্ত করা হয়েছে। সেখানে বলা হয়েছে, রহিত হওয়া ডিজিটাল



নিরাপত্তা আইন, ২০১৮ এর ধারা ২১, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯ ৩১ এবং ধারায় বর্ণিত অপরাধ সংঘটনে সহায়তার অপরাধে কোনো আদালত বা ট্রাইব্যুনালে নিষ্পন্নাধীন কোনো মামলা বা অন্যান্য কার্যধারা অথবা কোনো পুলিশ অফিসার বা অন্য কোনো কর্তৃপক্ষের কাছে তদন্তাধীন মামলা বা কার্যক্রম বাতিল হবে এবং উহাদের বিষয়ে আর কোনো কার্যক্রম গ্রহণ করা যাবে না।

এসব ধারার অধীন কোনো আদালত বা ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত দণ্ড ও জরিমানা বাতিল বলে গণ্য হবে। ভার্চুয়াল জগতের অপরাধ দমনে ২০১৮ সালে ডিজিটাল নিরাপত্তা আইন করা হয়েছিল। সেখানে অনেক 'নিবর্তনমূলক' ধারা নিয়ে সমালোচনা চলতে থাকায় ২০২৩ সালে কিছুটা সংশোধন এনে করা হয় সাইবার নিরাপত্তা আইন। অন্তর্বর্তী সরকার এসে সেটা আরো সংশোধন করে সাইবার সুরক্ষা অধ্যাদেশ করে।

বৈঠক শেষে রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে সংবাদ সম্মেলনে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ফয়েজ আহমদ তৈয়্যব সাংবাদিকদের বলেন, ২০১৮ সালের ডিজিটাল সিকিউরিটি আইনের অধীনে হওয়া সব মামলা বাতিল করা হয়েছে। এর ফলে ওই আইনে সাজাপ্রাপ্ত ও মামলায় অভিযুক্ত সবাই মামলার দায় থেকে মুক্তি পাচ্ছেন।

জুলাই সনদ সই ১৭ অক্টোবর

বাংলা পত্রিকা ডেস্ক: জনগণের অংশগ্রহণ বাড়াতে দুই দিন পিছিয়েছে জুলাই জাতীয় সনদ সই অনুষ্ঠান। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের উপস্থিতিতে আগামী ১৭ অক্টোবর (শুক্রবার) ছুটির দিনে সংসদের দক্ষিণ প্লাজায় এই অনুষ্ঠান হবে।

শনিবার রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় সরকার প্রধানের সঙ্গে ঐকমত্য কমিশনের বৈঠকে এই সিদ্ধান্ত হয়েছে। এর আগে জানানো হয়েছিল, জুলাই সনদ সই অনুষ্ঠান হবে ১৫ অক্টোবর। কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ বলেন, এখনও কিছু কাজ বাকি থাকায় স্বাক্ষর অনুষ্ঠানের তারিখ পরিবর্তন করা হয়েছে।

বড় আয়োজনে জুলাই সনদ সই অনুষ্ঠান করতে চায় অন্তর্বর্তী সরকার। সংলাপে অংশ নেওয়া ৩০টি রাজনৈতিক দল ও জোট এই সনদে সই করার কথা রয়েছে। সনদে সংস্কারের ৮৫টি সিদ্ধান্ত থাকছে। সনদ সইয়ের পর হবে গণভোট। যদিও সনদের বাস্তবায়ন পদ্ধতি এবং গণভোটের সময় নিয়ে রাজনৈতিক মতবিরোধ রয়েছে।

বিএনপি পিআর পদ্ধতিতে উচ্চকক্ষ গঠনসহ ৯টি সংস্কারে নোট অব ডিসেন্ট (ভিন্নমত) দিয়েছে। দলটির অবস্থান হলো- নির্বাচনের দিনে গণভোট হবে। গণভোট হবে নোট অব ডিসেন্টসহ। আগামী নির্বাচনে জয়ী দল, নোট অব ডিসেন্টসহ সংস্কার করতে পারে।

জামায়াতে ইসলামী, এনসিপি, ইসলামী আন্দোলনসহ কয়েকটি দল পুরো সনদের



ওপর গণভোট চায়। তাদের অবস্থান হলো- দলের নোট অব ডিসেন্টের তুলনায় জনগণের রায় উর্ধ্বে। সনদ অনুমোদনে আগামী নভেম্বরে গণভোট হতে হবে। সনদ অনুযায়ী হবে সংসদ নির্বাচন।

কমিশন সূত্র জানিয়েছে, এসব মতবিরোধ দূর করে সমঝোতার চেষ্টা চালানো হচ্ছে। অধ্যাপক আলী রীয়াজ বলেছেন, সনদ বাস্তবায়নের প্রক্রিয়া চূড়ান্ত করছি এবং এটি রাজনৈতিক দলগুলোকে জানাতে হবে। তাদের সঙ্গে অনানুষ্ঠানিক আলোচনা হবে। সেই কারণেই শুক্রবার পর্যন্ত সময় নেওয়া হয়েছে। ঐকমত্য কমিশনে সমন্বয়কের দায়িত্বে থাকা প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার বলেছেন, সবার অংশগ্রহণ নিশ্চিত করতেই স্বাক্ষর অনুষ্ঠান দুই দিন পেছানো হয়েছে। ছুটির দিনে বড় আয়োজনে উৎসব করে সনদ সই হবে। জনগণের অংশগ্রহণ থাকবে এতে।

যমুনার বৈঠকে সিদ্ধান্ত হয়, সনদ স্বাক্ষর অনুষ্ঠানে দেশের বিভিন্ন রাজনৈতিক দল ও জোটের প্রতিনিধিরা অংশ নেবেন। এছাড়া বিভিন্ন শ্রেণীপেশার প্রতিনিধিদের আমন্ত্রণ জানানো হবে। বৈঠকে আরও উপস্থিত ছিলেন সংস্কৃতি উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী ও ঐকমত্য কমিশনের সদস্য ড. বদিউল আলম মজুমদার।

নিউইয়র্কে বাংলাদেশ সোসাইটির সুবর্ণজয়ন্তী

শেষ পৃষ্ঠায় পর করে সোসাইটির বর্তমান কার্যকরী কমিটি। এসব সভায় সুবর্ণজয়ন্তীর বিস্তারিত পরিকল্পনা তুলে ধরেন সংগঠনের সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী। অনুষ্ঠান সফলভাবে আয়োজনের সুবিধার্থে গঠিত হয়েছে উদযাপন কমিটিও। সুবর্ণজয়ন্তীর অনুষ্ঠানে স্মরণসভা ও দোয়া মাহফিল, রক্তদান কর্মসূচি এবং কমিউনিটি নেতাদের সঙ্গে মতবিনিময়ের আয়োজন করা হবে। মূল অনুষ্ঠানে থাকবে মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা, আলোচনা সভা, ঐতিহ্য প্রদর্শনী, নতুন প্রজন্মের পরিবেশনা, প্রবাসে অবদান রাখা বিশিষ্ট ব্যক্তিদের সম্মাননা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

এছাড়া একটি বিশেষ স্মারকগ্রন্থ প্রকাশ করা হবে, যেখানে সংগঠনের ইতিহাস, সংগ্রাম ও সাফল্যের দলিল সংরক্ষিত থাকবে। বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম বলেন, আমরা একটি নিজস্ব ভবনের স্বপ্ন বাস্তবায়নে সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাচ্ছি। এটি বাস্তবায়িত হলে প্রবাসে বেড়ে ওঠা প্রজন্মের জন্য এটি হবে একটি স্থায়ী ঠিকানা যেখানে তারা একত্রিত হবে, সংস্কৃতি ও ঐতিহ্যের সঙ্গে যুক্ত থাকবে এবং বাংলাদেশি পরিচয়ের শেকড়কে আরও দৃঢ় করবে। সুবর্ণজয়ন্তীর অনুষ্ঠানে আমাদের ইশতেহারে থাকা এ প্রতিশ্রুতি পূরণের ঘোষণা দেয়া হবে। প্রবাসী বাংলাদেশীদের ভোটার আইডি করার যে প্রতিশ্রুতি ছিলো বাংলাদেশ কনস্যুলেটের সহযোগিতায় সেটাও পূরণের পথে। বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী বলেন, সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানে আমারা বাংলাদেশের ঐতিহ্য, কৃষ্টি-কালচার তুলে ধরার চেষ্টা করব। পাশাপাশি যারা এ দেশে বেড়ে উঠেছে, যারা নতুন প্রজন্ম তাদের সাথে আমাদের একটি সেমিনার থাকবে, যেখানে বাংলাদেশী চেতনা ধারণ করে বাংলাদেশী কমিউনিটিকে সামনের দিকে এগিয়ে নিতে তাদের ধ্যান ধারণা তারা প্রকাশ করবে। বাংলাদেশ সোসাইটির ৫০ বছর পূর্তি উপলক্ষে অনুষ্ঠিতব্য সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানে অংশ নিতে হলে নামমাত্র ৫০ ডলার ফি দিয়ে অনলাইনে রেজিস্ট্রেশন করতে হবে বলে জানান সংগঠনটির নেতৃবৃন্দরা।

ট্যারেস অন দ্যা পার্কের ১ হাজার লোকের ধারণক্ষমতা সম্পন্ন হলরুমে সুশৃঙ্খলভাবে অনুষ্ঠান পরিচালনার সুবিধার্থে অনলাইনে রেজিস্ট্রেশনের সিদ্ধান্ত ও ফি নির্ধারণ করা হয়েছে বলেও জানান তারা।

উল্লেখ্য, প্রবাসী বাংলাদেশিদের ঐক্য, সংস্কৃতি ও ঐতিহ্য রক্ষার লক্ষ্যে ১৯৭৫ সালের ২৩ নভেম্বর বাংলাদেশ সোসাইটি ইনক প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশ সোসাইটি ইনক নিউইয়র্কভিত্তিক প্রবাসী বাংলাদেশিদের আমব্রেলা খ্যাত অন্যতম বৃহৎ সামাজিক সংগঠন, যা সংস্কৃতি, ঐতিহ্য ও কমিউনিটির কল্যাণে কাজ করে। এটি উৎসব, সামাজিক সেবা ও ঐক্যের মাধ্যমে প্রবাসে বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

মালি ভ্রমণে যুক্তরাষ্ট্রের নাগরিকদেরও দিতে বন্ড

শেষ পৃষ্ঠায় পর বন্ড। খবর বিবিসির

মালি ঘোষণা করেছে যে দেশটিতে ভ্রমণ বা ব্যবসায়িক উদ্দেশ্যে যেতে ইচ্ছুক ইউএসএ নাগরিকদের এখন থেকে সর্বোচ্চ ১০,০০০ ডলার (প্রায় ৭,৫০০ পাউন্ড) পর্যন্ত ভিসা বন্ড জমা দিতে হবে। যুক্তরাষ্ট্রের ট্রাম্প প্রশাসন মালির নাগরিকদের জন্য একই ধরনের নিয়ম চালু করার পর পাল্টা পদক্ষেপ হিসেবে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

মালিতে অবস্থিত মার্কিন দূতাবাস শুক্রবার জানিয়েছে, এই ফি আরোপের লক্ষ্য হচ্ছে "আমেরিকার সীমান্ত সুরক্ষা ও জাতীয় নিরাপত্তা জোরদার করা।"

রবিবার মালির পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে জানায়, যুক্তরাষ্ট্র একতরফাভাবে এই নিয়ম চালু করেছে, তাই মালি "একই ধরনের ভিসা কর্মসূচি প্রবর্তনের সিদ্ধান্ত নিয়েছে।"

দুই দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক উন্নয়নের প্রচেষ্টা চললেও, এই নতুন ভিসা নীতি সেই অগ্রগতিতে ছায়া ফেলতে পারে।

গত জুলাই মাসে মার্কিন কর্মকর্তারা মালি সফর করেছিলেন সন্ত্রাসবিরোধী সহযোগিতা ও অর্থনৈতিক অংশীদারিত্ব নিয়ে আলোচনার জন্য, যেখানে মালির সোনা ও লিথিয়াম খাতে সম্ভাব্য বিনিয়োগের বিষয়ও আলোচিত হয়।

তবে সম্পর্কের অবনতি শুরু হয় ২০২১ সালের অভ্যুত্থানের পর, যখন জেনারেল আসিমি গোইতা ক্ষমতা দখল করেন। তিনি পশ্চিম আফ্রিকার এই দেশটিকে ফ্রান্সের পরিবর্তে রাশিয়ার দিকে ঝুঁকিয়ে দেন জিহাদি বিদ্রোহ দমন প্রচেষ্টায়। ফরাসি সেনাদের দেশ থেকে বহিষ্কার করে তিনি রুশ ভাড়াটে যোদ্ধাদের, অর্থাৎ ওয়াগনার গ্রুপকে, আমন্ত্রণ জানান–যাদের এখন রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে থাকা "আফ্রিকা কর্পস" প্রতিষ্ঠাপন করেছে।

গত সপ্তাহে পার্শ্ববর্তী বুরকিনা ফাসোর সামরিক সরকার যুক্তরাষ্ট্র থেকে প্রেরিত অভিবাসন প্রত্যাখ্যাতদের গ্রহণে অস্বীকৃতি জানায়। এর পর যুক্তরাষ্ট্র সে দেশে ভিসা ইস্যু স্থগিত করে।

মালির পররাষ্ট্রমন্ত্রী কারামোকো জ্যঁ-মারি ত্রাওরে প্রশ্ন তোলেন, মার্কিন দূতাবাসের এই সিদ্ধান্ত "র‍্যাকমেল" কি না, কারণ তিনি দাবি করেন যে, যুক্তরাষ্ট্র তৃতীয় দেশের অভিবাসীদের মালিতে নেওয়ার প্রস্তাব দিয়েছিল, যা তিনি প্রত্যাখ্যান করেছেন।

ট্রাম্প প্রশাসন তার অভিবাসন কঠোরতার অংশ হিসেবে আফ্রিকার বিভিন্ন দেশকে তৃতীয় দেশীয় অভিবাসীদের পুনর্বাসনের সম্ভাব্য গন্তব্য হিসেবে বিবেচনা করছে

বাংলাদেশ অ্যাসেম্বলী অব ইউএসএর রিভার ক্রুজে প্রবাসীদের আনন্দ-উচ্ছ্বাস



জলি আহমেদ: নিউইয়র্কে প্রবাসী বাংলাদেশীদের অন্যতম সংগঠন বাংলাদেশ অ্যাসেম্বলী অব ইউএসএ। সংগঠনটির উদ্যোগে রিভার ক্রুজে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই ক্রুজে সংগঠনের নেতৃবৃন্দ, কমিউনিটির বিশিষ্টজনসহ প্রায় সারে চারশোর মত প্রবাসী বাংলাদেশীরা তাদের পরিবারের সদস্যদের নিয়ে অংশ নেন। গত ২৮ সেপ্টেম্বর, রোববার ওয়াল্ড ফেয়ার মেরিনাতে থেকে যাত্রা শুরু হয় রিভার ক্রুজের। সকাল থেকে বিকেল অবধি বিভিন্ন আনন্দ আয়োজনে মেতে থাকেন অতিথিরা। রিভার ক্রুজে ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান, মুখরোচক খাবার। আরো ছিলো র‍্যাফেল ড্র যাতে ছিলো পাঁচটি সোনার গহনা সহ মোট দশটি আকর্ষনীয় পুরস্কার।

বাংলাদেশ অ্যাসেম্বলী অব ইউএসএ নানা সময়ে বিভিন্ন সামাজিক অনুষ্ঠানের আয়োজন করে থাকে। এটি যুক্তরাষ্ট্রে বাংলাদেশী কমিউনিটির ঐতিহ্য ও সংস্কৃতির প্রতি ভালোবাসা ও দেশপ্রেম চর্চার একটি প্ল্যাটফর্ম হিসেবে দেখেন আয়োজকরা। রিভার ক্রুজে বিশেষ অতিথি ছিলেন কমিউনিটি অ্যাক্টিভিস্ট ফখরুল ইসলাম দেলোয়ার, সামসুদ্দিন আজাদ ও মাহমুদ আহমেদ।

রিভার ক্রুজের শুরুতে বেলুন উড়িয়ে উদ্বোধন করেন বাংলাদেশ অ্যাসেম্বলী অফ ইউএস'র পক্ষ থেকে ফকরুল ইসলাম মজনু (উপদেষ্টা)। সাথে ছিলেন সংগঠনের সভাপতি শামীম হাসান ও সাধারণ সম্পাদক মুহাম্মদ ইসলাম (কলিম) সহ সক্রিয় সদস্যগন।

অনুষ্ঠানে ফখরুল ইসলাম দেলোয়ার বলেন, রিভার ক্রুজে এত মানুষের সমাগম একে আপরের মাঝে ভাতৃত্ব ও মেলবন্ধন তৈরী করবে, যা আগামী দিনে কমিনিটি গড়ার লক্ষ্যে পথ সুদীর্ঘ করবে।

সভাপতি শামীম হাসান বলেন, আমরা চাই ঐক্যবদ্ধভাবে, ভ্রাতৃত্ববোধ বজায় রেখে আমাদের কমিউনিটিকে এগিয়ে নিয়ে যেতে। এত সুন্দর একটি আয়োজনে সহযোগিতা করার জন্য সবাইকে ধন্যবাদ জানাই। ভবিষ্যতে আরো সুন্দর করে, আর বড় পরিসরে এমন আয়োজনের চেষ্টা থাকবে।

সাধারণ সম্পাদক মুহাম্মদ ইসলাম কলিম বলেন, আমরা সুন্দর পরিবেশে এই আয়োজনের চেষ্টা করেছি। আমাদের যদি কোনো ভুলত্রুটি থাকে ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন। আমাদের উদ্দেশ্য হলো প্রবাসীদের ঐক্যবদ্ধ রাখা, আনন্দ-বিনোদন, এবং বাঙালী সংস্কৃতি চর্চার মাধ্যমে তাদের শেকড়কে আঁকড়ে ধরে রাখা।

আহ্বায়ক মোঃ আশিকুজ্জামান তপু বলেন, এমন আয়োজনের করতে পেরে আমরাও আনন্দিত, সহযোগিতার জন্য সকলকে ধন্যবাদ জানান।

রিভার ক্রুজ অনুষ্ঠানে গান পরিবেশন করেন কামরুজ্জামান বকুল, নিপা জামান, রোকসানা মির্জা, আলাস্কা, রায়হান, হুসনে আরা ও অর্ণব। যন্ত্র সঙ্গীতে ছিলেন হৃদ, রিপন, সামু, আকাশ। উপস্থাপনায় ছিলেন জলি আহমেদ ও শান্তনু সাজ্জাদ।

উল্লেখ্য, 'বাংলাদেশ অ্যাসেম্বলী অব ইউএসএ' কোনো রাজনৈতিক সংগঠন নয়; বরং একটি অরাজনৈতিক, পেশাজীবী সংগঠন। যারা কাজ করে প্রবাসীদের কল্যাণে, উন্নয়নে। বাঙালীর শেকড়কে আঁকড়ে ধরে ঐক্যবদ্ধ থাকে। ২০২৪ সালে নিউইয়র্কে যাত্রা শুরু করে 'বাংলাদেশ অ্যাসেম্বলী অব ইউএসএ'। প্রতিষ্ঠার শুরু থেকেই এই সংগঠন প্রবাসে বসবাসরত বাংলাদেশীদের স্বার্থ রক্ষায় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সেই সংগঠন ১ বছর পূর্ণ করেছে- একটি গৌরবময় অর্জন, একটি ঐতিহাসিক মাইলফলক।















জুলাই সনদে এখনো অনিশ্চয়তা



তানিম আহমেদ, *ঢাকা :* দীর্ঘ সংলাপের পর অবশেষে চূড়ান্ত হয়েছে জুলাই জাতীয় সনদ। ওই সনদে স্বাক্ষরের সম্ভাব্য দিনক্ষণও ঠিক হয়েছিল। কিন্তু বাস্তবায়ন নিয়ে এখনো এক জায়গায় আসতে পারেনি রাজনৈতিক দলগুলো। এ অবস্থায় পিছিয়ে দেওয়া হয় তারিখ। দলগুলোর মতপার্থক্য দূর করতে অনানুষ্ঠানিক আলোচনা অব্যাহত রেখেছে জাতীয় ঐকমত্য কমিশন। এতেও কাটছে না সব দলের স্বাক্ষর নিয়ে অনিশ্চয়তা।

১৫ অক্টোবর জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় জুলাই জাতীয় সনদ স্বাক্ষর অনুষ্ঠিত হবে–গত বৃহস্পতিবার এমনটাই জানিয়েছিল ঐকমত্য কমিশন। কিন্তু গত শনিবার প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠকের পর জানানো হয়, সর্বসাধারণের অংশগ্রহণের জন্য বুধবারের পরিবর্তে সাপ্তাহিক ছুটির দিন শুক্রবারে স্বাক্ষর অনুষ্ঠান হবে। যদিও সংশ্লিষ্ট একটি সূত্রে জানা গেছে, বাস্তবায়নের উপায় নিয়ে মতপার্থক্য কমানোর জন্যই দুই দিন পেছানো হয়েছে।

রাজনৈতিক দলগুলোর সঙ্গে দুই ধাপের সংলাপের ভিত্তিতে জুলাই জাতীয় সনদ তৈরি করে জাতীয় ঐকমত্য কমিশন, যেখানে ৮৪টি বিষয় উল্লেখ করা হয়েছে। যার মধ্যে দলগুলোর আপত্তির (নোট অব ডিসেন্ট) কথা উল্লেখ করা আছে। সিপিবি, বাসদ, বাসদ (মার্ক্সবাদী), বাংলাদেশ জাসদসহ বামপন্থী দলগুলোর পক্ষ থেকে বলা হয়েছে আপত্তিসহ জুলাই সনদে স্বাক্ষর করবে না তারা। অন্যদিকে বিএনপি, জামায়াত, এনসিপিসহ অন্য দলগুলো স্বাক্ষরে ইতিবাচক থাকলেও জুলাই জাতীয় সনদের চূড়ান্ত ভাষ্য ও বাস্তবায়নের সুপারিশ দেখে সিদ্ধান্ত পরিবর্তন করতে পারে।

তবে সব দলের স্বাক্ষর নিয়ে সংশয় নেই বলে জানিয়েছেন জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ। দলগুলোকে স্বাক্ষর অনুষ্ঠানে অংশ নিতে আমন্ত্রণ পত্র পাঠাবেন বলে জানান তিনি। আলী রীয়াজ আজকের পত্রিকাকে বলেন, 'দলগুলোর বক্তব্য আমরা আমলে নিয়েছি। জাতীয় সনদে ভিন্নমত থাকবে। সেটার কারণ সুনির্দিষ্টভাবে চিহ্নিত করা হয়েছে। কী কারণে আপত্তি, সেটা উল্লেখ করেছি। ফলে দলিলে দলগুলোর অবস্থান সুস্পষ্টভাবে লেখা থাকবে। ফলে আমরা আশা করি এ প্রক্রিয়ার সঙ্গে যুক্ত সব রাজনৈতিক দল সনদে স্বাক্ষর করবে।'

জুলাই সনদকে বিএনপি ইতিবাচকভাবে দেখছে বলে জানিয়েছেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি গত শুক্রবার এক অনুষ্ঠানে বলেন, রাজনৈতিক দলগুলোর আলোচনার মাধ্যমে নির্ধারিত সময়ের আগেই এই সনদের বিষয়ে একটি সিদ্ধান্তে পৌঁছানো সম্ভব হবে।

জুলাই সনদে স্বাক্ষরে জামায়াত ইতিবাচক হলেও দলীয় ফোরামে আলোচনা করে এ বিষয়ে সিদ্ধান্ত নিতে চান বলে জানিয়েছেন দলটির সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ। তিনি আজকের পত্রিকাকে বলেন, 'স্বাক্ষরের বিষয়ে আমরা এখনো চূড়ান্ত করিনি। এখনো তো সময় আছে। তাড়াহুড়ো নেই। দলীয় ফোরামে আলোচনা করে সিদ্ধান্ত নেব।'

এনসিপির যুগ্ম আহ্বায়ক জাবেদ রাসিন বলেন, 'জুলাই সনদের আইনি ভিত্তি ও আপত্তি বিবেচনা করে এনসিপি জুলাই সনদে স্বাক্ষর করবে। কিন্তু সনদের মৌলিক বিষয়গুলো বাস্তবায়নে গড়িমসি করলে জনগণকে সঙ্গে নিয়ে আন্দোলন করব।'

বর্তমানে বাংলাদেশের সংবিধানে রাষ্ট্র পরিচালনার মূলনীতি হিসেবে জাতীয়তাবাদ, গণতন্ত্র, সমাজতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার কথা বলা হয়েছে। জুলাই জাতীয় সনদে মূলনীতির অংশে 'সাম্য, মানবিক মর্যাদা, সামাজিক সুবিচার এবং ধর্মীয় স্বাধীনতা ও সম্প্রীতি' উল্লেখ থাকার কথা বলা হয়েছে। বিদ্যমান চার মূলনীতি বাদ দেওয়ার বিপক্ষে সিপিবি, বাসদ, বাসদ-মার্ক্সবাদী, গণফোরাম, বাংলাদেশ জাসদ। তারা সনদে আপত্তির বিষয়গুলো থাকলে স্বাক্ষর না করার কথা বলছে। এ ছাড়া কমিশনের নতুন প্রস্তাবিত সংবিধানের ৪ (ক) অনুচ্ছেদ বাতিলের বিপক্ষেও দলগুলো। যেখানে বঙ্গবন্ধুর প্রতিকৃতি (ছবি) অপসারণের কথা বলা আছে। বিষয়গুলো নিয়ে আজ দলগুলো বৈঠক করবে বলে জানা গেছে।

বাসদের সাধারণ সম্পাদক বজলুল রশীদ ফিরোজ বলেন, 'জুলাই জাতীয় সনদের চূড়ান্ত ভাষ্য আমাদের মনমতো হলে স্বাক্ষর করব, না হলে করব না।'

বাংলাদেশ জাসদের স্থায়ী কমিটির সদস্য মুশতাক হোসেন বলেন, 'জুলাই সনদে যদি সর্বসম্মতভাবে একমত হওয়া বিষয়গুলো থাকে, তাহলে আমরা স্বাক্ষর করব। নোট অব ডিসেন্টসহ সনদে আমরা স্বাক্ষর করব না।'

জুলাই সনদ বাস্তবায়নের উপায় নিয়ে দলগুলোর সঙ্গে তৃতীয় ধাপে পাঁচ দিন সংলাপ করে কমিশন। সেখানে গণভোটের বিষয়ে দলগুলো একমত হলেও দিনক্ষণ নিয়ে দ্বিমত ছিল। বিএনপিসহ বেশির ভাগ দল ভোটের দিন গণভোট চেয়েছে। অন্যদিকে জামায়াত, এনসিপি, ইসলামী আন্দোলনসহ কয়েকটি দল ভোটের আগেই গণভোট চেয়েছে।

> * দুই দিন পিছিয়ে দেওয়া হয়েছে সনদ স্বাক্ষর।
> * দলগুলোর মতপার্থক্য দূর করতে অনানুষ্ঠানিক আলোচনা চালিয়ে যাচ্ছে ঐকমত্য কমিশন।
> * আপত্তিসহ সনদে স্বাক্ষর করবে না, জানিয়েছে কয়েকটি বামপন্থী দল।

গণভোটের প্রশ্ন নিয়েও দলগুলোর মতভিন্নতা আছে। কমিশন প্রথমে 'একমত ও আপত্তি' নিয়ে দুটো প্রশ্নে গণভোট করার চিন্তা করেছিল। দুটি আলাদা প্রশ্নে জানতে চাওয়া হবে এগুলোর বাস্তবায়ন চান কি না। তবে এখন কমিশন একটি প্রশ্ন রাখার চিন্তা করছে। সূত্র জানায়, সেটি হলো পুরো জুলাই সনদ বাস্তবায়ন চান কি না? সেখানে ভিন্নমতসহ যেসব সিদ্ধান্ত আছে, সেগুলোও থাকবে। যদি 'হ্যাঁ' ভোট জয়ী হয়, তাহলে ৮৪টি প্রস্তাবে যেভাবে ঐকমত্য কমিশন সিদ্ধান্ত দিয়েছে, সেভাবেই বাস্তবায়ন করা হবে। ভিন্নমত সে ক্ষেত্রে গুরুত্ব পাবে না। তবে এ বিষয়ে এখনো কোনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। জুলাই ঘোষণাপত্রের অধীনে বিশেষ আদেশের ভিত্তিতে এ গণভোট করার সুপারিশ করবে কমিশন।

বিএনপি, জামায়াত, এনসিপির মধ্যে মতপার্থক্য দূর করতে অনানুষ্ঠানিক আলোচনা করছে কমিশন। এর মধ্যে গত শনিবার ও গতকাল রোববার জামায়াতের সঙ্গে দুই দফা বৈঠক করে কমিশন। এ ছাড়া শনিবার এনসিপির সঙ্গে এবং গতকাল বিএনপির সঙ্গে বৈঠক হয়। এসব বৈঠকেও গণভোটের বিষয়ে অবস্থান পরিবর্তন করেনি দলগুলো। তবে, কমিশন আশা করছে, গণভোটের ভিত্তি, গণভোটের বিষয় ও সময় নিয়ে দলগুলোর মতভিন্নতা কমে আসবে। কমিশন চারটি বিষয়ে দলগুলোর সঙ্গে আলোচনা করছে, গণভোট করা, কিসের ভিত্তিতে গণভোট, গণভোটে কী থাকবে এবং গণভোট কখন হবে।

গতকাল দুপুরে কমিশনের সঙ্গে বৈঠক করেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। সূত্রে জানা গেছে, বৈঠকে ভোটের দিন গণভোটের পক্ষে দলটির যুক্তি আবারও তুলে ধরেন তিনি। সেখানে একই দিন গণভোট করলে রাষ্ট্রের অর্থ সাশ্রয় হবে বলেও জানান তিনি। আর জাতীয় নির্বাচনের আগে গণভোট হলে ভোট গ্রহণের হার কম হবে বলেও যুক্তি দেন সালাহউদ্দিন।

এ দিন বিকেলে জামায়াতের নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের, সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ ও আইনজীবী শিশির মনিরের সঙ্গে কমিশনের সদস্যরা দ্বিতীয় দিনের বৈঠক করেন। সেখানে নেতারা ভোটের আগে গণভোটের পক্ষে দলটির যুক্তি আবারও তুলে ধরে বলে জানা গেছে। বৈঠকের বিষয়ে জানতে চাইলে হামিদুর রহমান আযাদ বলেন, 'গণভোটের বিষয়ে আমাদের অবস্থানের পরিবর্তন হয়নি। নির্বাচনের আগে গণভোটের দাবিতে আমরা কর্মসূচি দিয়েছি।'

অনানুষ্ঠানিক আলাপের বিষয়ে অধ্যাপক আলী রীয়াজ বলেন, 'আমরা দলগুলোর সঙ্গে আলোচনা অব্যাহত রেখেছি, যাতে করে মতপার্থক্য কমিয়ে এনে দ্রুত সনদ বাস্তবায়নের পথে অগ্রসর হওয়া যায়।'

গণভোটের পরেও জুলাই সনদ সংবিধানসংক্রান্ত বিষয়গুলো সমাধানে পরবর্তী জাতীয় সংসদকে দ্বৈত ক্ষমতার সুপারিশ করবে কমিশন। সূত্রে জানা গেছে, সংবিধান সংস্কার পরিষদের ছয় মাসের সময়সীমা বেঁধে দেওয়ার পক্ষে তারা। তা না হলে সংস্কার ঝুলে যাবে। কমিশন মনে করে, প্রথম অধিবেশনে সংবিধানসংক্রান্ত প্রস্তাবগুলো পাস করার বাধ্যবাধকতা আরোপ করা ঠিক হবে না। এ ক্ষেত্রে সংসদ গঠিত হওয়ার বা আগামী সংসদের প্রথম বৈঠকের দিন থেকে পরবর্তী ১৮০ দিনের মধ্যে সংবিধান সংস্কার করার সময় বেঁধে দেওয়ার কথা ভাবছে কমিশন। দলগুলোর সঙ্গে আলোচনা করে প্রয়োজনে এ সময় আরও বাড়ানো বা কমানো যেতে পারে।

নিউইয়র্কের ড্রাইভিং লাইসেন্সধারী ভারতীয় আইস'র হাতে আটক

শেষ পৃষ্ঠায় পর ডিএমভির ড্রাইভিং লাইসেন্স ইস্যুর বিষয় নিয়ে আবারো তীব্র ক্ষোভ প্রকাশ করেছে হোমল্যান্ড সিকিউরিটি।

এমন ঘটনা আবার সামনে এলো, যখন কয়েক সপ্তাহ আগেই আরেক ভারতীয় ট্রাকচালক, হরজিন্দর সিং, ফ্লোরিডায় একটি ভয়াবহ দুর্ঘটনার ঘটনায় তিনটি হত্যার অভিযোগে অভিযুক্ত হয়েছেন। ফ্লোরিডা হাইওয়ে প্যাট্রোল জানায়, সিং ক্যালিফোর্নিয়া থেকে প্রাপ্ত বাণিজ্যিক লাইসেন্স নিয়ে চালাচ্ছিলেন, যদিও ইংরেজি ভাষা পরীক্ষায় তিনি পাস করতে পারেননি এবং সড়ক চিহ্নের চারটির মধ্যে তিনটি চিনতে ব্যর্থ হন।

ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস) জানায়, ওকলাহোমা হাইওয়ে প্যাট্রোলের সঙ্গে যৌথ অভিযানে ২৩ সেপ্টেম্বর ওই ব্যক্তি অনমোল নামে পরিচিত গ্রেপ্তার হন। নিয়মিত ট্রাক পরিদর্শনের সময় আইস কর্মকর্তারা দেখতে পান, তার ট্রাকচালক লাইসেন্সটি নিউইয়র্ক থেকে ইস্যু করা, যেখানে প্রথম নামের জায়গায় লেখা 'নো নেম গিভেন'।

লাইসেন্সটি ২০২৫ সালের এপ্রিলে ইস্যু হয় এবং ২০২৮ সালের মে পর্যন্ত বৈধ।

খবরে জানা যায়, অনমোল ২০২৩ সালে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেন এবং বাইডেন প্রশাসনের নীতির অধীনে তখন তাকে দেশে প্রবেশের অনুমতি দেওয়া হয়। বর্তমানে তিনি বহিষ্কারের প্রক্রিয়ায় রয়েছেন।

ডিএইচএসের সহকারী সচিব ট্রিশা ম্যাকলাফলিন বলেন, "নিউইয়র্ক শুধু আবেদনকারীদের নাগরিকত্ব যাচাই করতে ব্যর্থ নয়, অনেক সময় তাদের পূর্ণ নামও নিচ্ছে না। অবৈধ অভিবাসীদের ১৮-চাকাওয়ালা ট্রাক চালানোর অনুমতি দেওয়া জননিরাপত্তার জন্য ভয়াবহ ঝুঁকি তৈরি করছে।"

তিনি আরও বলেন, "আইস ও ওকলাহোমা হাইওয়ে প্যাট্রোলের যৌথ ২৮৭(ম) চুক্তির ফলে এই বিপজ্জনক চালক এখন রাস্তায় আর নেই।"

অন্যদিকে নিউইয়র্ক ডিপার্টমেন্ট অব মোটর ভেহিকলস (ডিএমভি) দাবি করেছে, ওই ব্যক্তির যুক্তরাষ্ট্রে বৈধ কর্ম-অনুমতি রয়েছে এবং লাইসেন্স ইস্যু করা হয়েছে ফেডারেল নীতিমালার সঙ্গেই সঙ্গতি রেখে। ডিএমভি জানায়, "অনেক বিদেশি নাগরিকের শুধু একটি নাম থাকে, এ ধরনের প্রক্রিয়া যুক্তরাষ্ট্র নাগরিকত্ব ও অভিবাসন সেবা সংস্থার নীতিমালায় স্পষ্টভাবে বর্ণিত। ফেডারেল নথিতেও 'নো নেম গিভেন' নোটেশন দেখা যায়।"

এই বক্তব্যের জবাবে ম্যাকলাফলিন বলেন, "বাইডেন প্রশাসন ২০২৩ সালে ওই অবৈধ অভিবাসীকে কাজের অনুমতি দিয়েছে কিন্তু কাজের অনুমতি মানে বৈধ অভিবাসন মর্যাদা নয়।" তিনি একে 'অবিবেচনাপ্রসূত' ও 'পাগলামি' বলে আখ্যা দিয়ে বলেন, "নিউইয়র্ককে স্বীকার করতে হবে যে তাদের লাইসেন্স ইস্যু প্রক্রিয়া আরও কঠোর হওয়া প্রয়োজন।"

ওকলাহোমার গভর্নর কেভিন স্টিট বলেন, "নিউইয়র্ক যদি 'নো নেম গিভেন' লেখা লাইসেন্স দিতে চায়, সেটা তাদের ব্যাপার। কিন্তু তারা যখন ওকলাহোমায় প্রবেশ করে, তখন এখানকার আইনই প্রযোজ্য হয়।"

এই অভিযানটি ছিল তিন দিনের "অপারেশন গার্ডিয়ান সুইপ"-এর অংশ, যেখানে ২৩ থেকে ২৫ সেপ্টেম্বরের মধ্যে ওকলাহোমার ইন্টারস্টেট ৪০ হাইওয়েতে অভিযান চালানো হয়। এতে ১২০ জন অবৈধ অভিবাসীকে আটক করে আইস ও হাইওয়ে প্যাট্রোল, যাদের মধ্যে ৯১ জনের কাছে ছিল বিভিন্ন 'সাংকটারি' রাজ্যের বাণিজ্যিক ড্রাইভিং লাইসেন্স।

আটকদের মধ্যে ভারত, উজবেকিস্তান, চীন, রাশিয়া, জর্জিয়া, তুরস্ক, তাজিকিস্তান, ইউক্রেন ও মৌরিতানিয়ার নাগরিকরা রয়েছেন। ডিএইচএস জানায়, এদের অনেকে আগে মাদক পাচার, মানবপাচার, হামলা, অর্থ পাচার ও অবৈধভাবে দেশে পুনঃপ্রবেশের মতো অপরাধে দণ্ডিত ছিলেন।

আইসের উপপরিচালক ম্যাডিসন শিহান বলেন, "অবৈধ অভিবাসীদের কোনোভাবেই ১৮-চাকাওয়ালা ট্রাক চালানোর অনুমতি থাকা উচিত নয়। এই অভিযান দেখিয়ে দিয়েছে–ফেডারেল ও স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলো একসঙ্গে কাজ করলে আমেরিকার রাস্তাগুলো আরও নিরাপদ হয়।"

তিনি আরও বলেন, "আমরা চাই আরও রাজ্য ও স্থানীয় সংস্থাগুলো ২৮৭(ম) প্রোগ্রামে যুক্ত হোক, যাতে এই ধরনের জননিরাপত্তার ঝুঁকি মোকাবিলায় তারা সহায়তা পায়।"

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনাদের এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

গোল্ড কার্ড

প্রেসিডেন্ট ট্রাম্প 'গোল্ডকার্ড' প্রোগ্রাম প্রবর্তনে নির্বাহী আদেশে গত ১৯ সেপ্টেম্বর ২০২৫ তারিখে সই করেছেন। এই কর্মসূচিতে যুক্তরাষ্ট্র বিদেশি নাগরিকদের গ্রিনকার্ড দেবে তবে যুক্তরাষ্ট্রকে একটি উল্লেখযোগ্য পরিমাণ অনুদান দিতে হবে। এই অনুদানের পরিমাণ কোন ব্যক্তির জন্য ১ মিলিয়ন ডলার এবং করপোরেশনের জন্য ২ মিলিয়ন ডলার। এই অনুদান যুক্তরাষ্ট্রের বাণিজ্য এবং শিল্প উন্নয়নের জন্য ব্যয় করা হবে।

এই নির্বাহী আদেশের অধীনে সেক্রেটারি অব স্টেট এবং হোমল্যান্ড সিকিউরিটি'র সেক্রেটারী'র সমন্বয়ে সেক্রেটারি অব কমার্স নজরদারি করবেন। এই কর্মসূচিতে ব্যক্তিগত ১ মিলিয়ন ডলার এবং করপোরেশনের জন্য ২ মিলিয়ন ডলার অনুদান দিলে বিদেশি নাগরিকদের ভিসা প্রাপ্তি ত্বরান্বিত হবে।

কমার্স সেক্রেটারি হাওয়ার্ড লুটনিক আভাস দিয়েছেন যে, এই কর্মসূচি ইবি-১ এবং ইবি-২ এর স্থলাভিষিক্ত হতে পারে। তবে এই পরিবর্তনের জন্য কংগ্রেস দ্বারা আইনও প্রয়োজন হবে। কেননা, এই দুই ভিসা ক্যাটাগরি ইমিগ্রেশন এ্যান্ড ন্যাশনালিটি এ্যাক্টের অধীনে ফেডারেল সংবিধিবদ্ধভাবে প্রতিষ্ঠিত।

প্রস্তাবিত 'প্লাটিনাম কার্ড'

গোল্ডকার্ড কর্মসূচির অতিরিক্ত, ট্রাম্প ৫ মিলিয়ন ডলার বিনিয়োগের মাধ্যমে একটি 'প্লাটিনাম কার্ড' পদ্ধতি প্রবর্তনের প্রস্তাব করেছেন। উচ্চতর পদ্ধতি কর্মসূচির অতিরিক্ত সুবিধার মধ্যে রয়েছে– যদি কেউ বছরে ২৭০ দিনের অধিক সবায় যুক্তরাষ্ট্রে অবস্থান করে তবে গ্রিনকার্ডধারীদের নন-ইউএস আয়ের কর থেকে মওকুফ পাবেন। তবে কমার্স সেক্রেটারি লটনিক জানিয়েছেন, প্লাটিনাম কার্ড বাস্তবায়নে কংগ্রেসের অনুমোদন প্রয়োজন হবে।

কখন এই কর্মসূচি চাল হবে এবং তার প্রক্রিয়া কী হবে?

নির্বাহী আদেশে ক্যাবিনেট সেক্রেটারিদের নির্দেশনা দেয়া হয়েছে– আবেদনপত্র প্রক্রিয়াকরন, ফিস প্রায় অন্যান্য ভিসা ক্যাটাগরির সম্ভাবনাময় সম্প্রসারণের কাজ শুরু করতে। তবে সুনির্দিষ্টভাবে এর বাস্তবায়নের সময় এবং বিস্তারিত আর কী কী প্রয়োজন তা এখনও ঘোষণা করা হয় নাই।

গোল্ডকার্ড কর্মসূজি প্রচলিত পার্মান্টে রেসিডেন্ট বা এমপ্লয়মেন্ট অথবা ইনভেস্টমেন্ট প্রক্রিয়ার বাইরে ধনী বিদেশি নাগরিকদের জন্য একটি নতুন দুয়ার খুলে দেবে। এটা ধনী বিদেশিদের জন্য ফেডারেল সরকারের তরফ থেকে একটি উপহার।

ট্রাম্প প্রশাসন এইচ-১বি আবেদনের জন্য নতুন ১ লাখ ডলার ফিস ঘোষণা করেছেন

প্রেসিডেন্ট ট্রাম্প এইচ-১বি ভিসার আবেদন ফিস ১ লাখ ডলারের একটি প্রক্লেমেশনে সই করেছেন। ঘোষণাটি গত ২১ সেপ্টেম্বর ২০২৫ থেকে কার্যকর হয়েছে। নতুন নীতিমালায় লেবার ডিপার্টমেন্টকে নির্দেশ দেয়া হয়েছে তাদের বর্তমান মুজুরি বৃদ্ধির। যাতে এইচ-১বি শ্রমিকদের ইউএস শ্রমিকদের তুলনায় বেতন কম না হয়। এই মজুরি বৃদ্ধির ফলে তারা যেন এদেশে প্রযুক্তি, প্রকৌশলী ও স্বাস্থ্য পরিবেষ খাতে উচ্চ দক্ষতাসম্পন্ন ইউএস শ্রমিকদের সঙ্গে তাল মিলিয়ে চলতে পারে।

ইউএস স্টেট ডিপার্টমেন্ট বিষয়টি পরিষ্কারভাবে ব্যাখ্যা দিয়ে সতর্ক করে বলেছে, ১ লাখ ডলার ভিসা ফিস যারা এইচ-১বি ভিসার জন্য ২১ সেপ্টেম্বর ২০২৫ এর আগে আবেদন জানিয়েছেন এবং যারা বর্তমানে ভিসা ইস্যুর বা ইউএসএ'তে প্রবেশ করার অপেক্ষায় রয়েছে।

কারা এই ফি'তে ক্ষতিগ্রস্থ হতে পারে? কারা ক্ষতিগ্রস্থ হবে না।

পরবর্তী সংখ্যায় এ বিষয়ে বিস্তারিত প্রকাশ করা হবে।

অক্টোবর ২০২৫ ভিসা বুলেটিনঃ

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) অক্টোবর ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যকশন ডেট' বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ নির্ধারিত হয় এর পূর্বে।

অক্টোবর ২০২৫'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে অল্প কিছুটা অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেস :

প্রথম: (এফ ১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : নভেম্বর ০৮, ২০১৬।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ ২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং সন্তান ঃ ফেব্রুয়ারি ০১, ২০২৪।

বি. (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী) ঃ নভেম্বর ২২, ২০১৬।

তৃতীয় ঃ (এফ ৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা ঃ সেপ্টেম্বর ০৮, ২০১১।

চতুর্থ ঃ (এফ ৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন ঃ জানুয়ারি ০৮ ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

সাধারণত আমরা যে পরামর্শ দিয়ে থাকি সেটা হচ্ছে– ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে পরামর্শ করলে তার ফলে কোন ভুল সিদ্ধান্ত গ্রহণ করা থেকে বিরত থেকে দ্রুত এবং নির্ভুল সিদ্ধান্ত গ্রহণ করা যায়।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases * Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

দুটি কবিতা
সাজ্জাদ বিপ্লব

গন্তব্য

আমরা কোথায় যাচ্ছি?--তা জানি না!
কীভাবে? কার কাছে? তা-ও কি জানি?
শুধু ছুটে চলি--অজানায়--নিরুদ্দেশে...
ফেলে যাই যাবতীয় সুখ--কত-শত মুখ...

কত চেনা-জানা স্বপ্ন পড়ে থাকে--পাতা হয়ে
কত ঘুম উড়ে যায় ভুল বেশে--ভুল দেশে
কিছু আসে ফিরে--তীরে--কিছু যায় ছিঁড়ে
তবু ছুটে চলা--কত কথা বলা--কত স্বপ্ন সুখ

মনে কি পড়ে--কোন একটি--পাপবিদ্ধ মুখ!

নোয়াম চমস্কি

সমগ্র পৃথিবী যেন
মানচিত্র হয়ে ঝুলে আছে--
তার মুখে।



পতন জ্বলে উত্থানের দিকে
রজব বকশী

ধীরে ধীরে রূপ নিল ছায়ার
তারপর বিলীন হয়ে গেল সবার স্পর্শে
পতন জ্বলে উত্থানের দিকে

আমিও জং ধরা নিয়মের শেকল খুলে ফেলি
দেখি ভোরের সৌন্দর্য বাড়িয়ে তুলছে
ঝরা ফুল

অজস্র কাক ও নরম রোদের চিৎকার শোনা গেল
বিদ্যুৎস্পৃষ্ট একটি কাকের মধ্যে ঝরে পড়লো
নিঃশব্দ ঢেউ

কাছেই জীর্ণ কাচারি ঘর
ধ্বংসস্তূপের নান্দনিকতা নিয়ে দাঁড়িয়ে আছে

স্বপ্নহীন মুখ
রুদ্র সাহাদাৎ

ঘুমের ভিতর ঘুমহীন চোখ
স্বপ্নের ভিতর স্বপ্নহীন মুখ
ঘুম নেই স্বপ্ন নেই
আশাহীন ভালোবাসাহীন বেঁচে থাকা মানুষ
দেখি রাখাইন পাড়ায় উড়ে রঙিন ফানুষ

দলে দলে হাসে লোক
নৈঃশব্দ্যে প্রস্থানে সুখ
কানে বাজে জোয়ার ভাটার ঢেউ
বুঝে না কোনোকালে কেউ
বোবা হয়ে রই

কখন কী করছি খোদা জানে
আকস্মিক দৃশ্যপট ভিন্ন থেকে ভিন্নতর
যুগে যুগে এই হরিকেল পথ ধরেই হাঁটছি অনন্তকাল



একটা অসম্ভব প্রিয় শব্দের জন্য
আইনাল হক

একদিন আমার পছন্দের শব্দরা
পাখি হয়ে উড়তে লাগলো গোধূলির আকাশে
বিশাল সমুদ্রে অবগাহন শেষে ভোরের গা ছুঁয়ে
ফিরে আসলো পৃথিবীর মানুষের কাছে
পরম মমতা ও সীমাহীন ভালোবাসায়
ঠাঁই পেল টেবিল, সেলফ ও বারান্দার বুক পকেটে

তদুপরি আকাশ সমান প্রসারিত বাহু অপেক্ষমাণ
একটা অসম্ভব প্রিয় শব্দের জন্য
না, ভালোবাসি টালোবাসির ন্যাকামি নয়
খুব আদুরে ও ভীষণ মায়ায় গড়া দুই বা ততোধিক বর্ণের

পুঞ্জীভূত ভালোবাসা
রাহেলা আক্তার

তবুও ভালোবাসা --
জোয়ার ভাটার পূর্ণ আলিঙ্গনে,
ভালোবাসার স্টেচে ভর করে
ভাসবে অনাদিকাল।
আঁধারের গায়ে লেপ্টে থাকা,
জোনাকিদের উদ্দাম নৃত্যে প্রণয় উল্লাস।
তন্দ্রাহারা অক্ষি যুগল সুনসান নীরবতায়
প্রহর গুণে আর তন্দ্রাঘোরে
উচ্চারিত করে ভালোবাসার নাম।

ঘাড় ঘুরিয়ে কামুকতার স্পর্শ
মুষ্টি বদ্ধ করে বেঁধে রাখে,
এনালগ ঘড়ির সময় নির্দেশক কাটায়!
নাসিকার ডগায় মৌ মৌ করে
ঘর্মাক্ত দেহের নোনতা ঘ্রাণ।

অতঃপর দিঘির স্বচ্ছ জলে
রক্ত পলাশের মুঞ্জরিত পাপড়ি এলিয়ে,
বুকের বাম পাঁজরে ব্যালট পেপারে
সঞ্চিত রাখবে পুঞ্জীভূত ভালোবাসা।



সময়ের এপিটাফ
ফারহানা খান

ভাঙা জানালার ফাঁক গলিয়ে
সন্ধ্যার আলো ঢুকে পরে নিঃশব্দে,
ধুলোমাখা টেবিলের কোণে
দাঁড়িয়ে থাকে পুরোনো লণ্ঠন।
তার শিখায় আজও লেগে আছে
হলদে হয়ে যাওয়া সময়ের গন্ধ,
দেয়াল জুড়ে লেগে রয়েছে অচেনা ছায়া
এক অনন্ত অপেক্ষার দীর্ঘশ্বাস।

হঠাৎ শিস দিয়ে উঠা শেষ ট্রেনের
শব্দটা মিশে যায় কাকের ডাকে।
আমি জানি-
ফিরে আসবে না কেউ,
কেউ ফেরে না!
শুধু অপেক্ষার প্রহর ফিরে আসে বারবার।

জানালার ওপারে ঝুলে থাকা আকাশে
মিলিয়ে যাচ্ছে অস্ফুট আলো ছড়ানো গোধূলি,
অচেনা অন্ধকারে হারিয়ে যাচ্ছে
চেনা দৃষ্টি,
অন্ধ শালিক পাখিটা নীড় খুঁজে পায়নি এখনো,
তার অপেক্ষায় কেউ নেই;
কারো অপেক্ষায় কেউ থাকে না।
শুধু সময়ের এপিটাফে লেখা থাকে 'প্রতীক্ষা'।

‘কুরআন একাডেমী ফর ইয়ং স্কলার্স (কাফিস)’










নিউইয়র্ক (ইউএনএ): পবিত্র কোরআনের আলোকে জীবন গড়ায় উত্তর আমেরিকায় বিশেষ ভূমিকা রাখছে মুসলিম উম্মাহ অব নর্থ আমেরিকা-মুনা। সংগঠনটি মনে করছে উত্তর আমেরিকায় মুসলিম কমিউনটির সংখ্যা বাড়লেও শিক্ষা ক্ষেত্রে মুসলমানরা তুলনামূলকভাবে অনেক পিছিয়ে রয়েছেন। বিশেষ করে বাংলাদেশী মুসলিম কমিউনিটিতে ইসলামিক স্কলারের বড় অভাব। পাশাপাশি নানা কারনে ইসলামিক নেতৃত্বও গড়ে উঠছে না। মুসলিম কমিউনিটির সেই প্রত্যাশা পূরণের লক্ষ্যে শিক্ষা ক্ষেত্রে মুনা বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। এজন্য প্রতিষ্ঠা করা হয়েছে ‘কুরআন একাডেমী ফর ইয়ং স্কলার্স’ (কাফিস)। খবর ইউএনএ’র।

ইতিমধ্যেই কাপিস-এর জন্য নিউইয়র্ক সিটির কুইন্সের জামাইকায় (১৬৬-১৫ ৮৯ এভিনিউ) বিশালাকারের একটি ভবন সহ জায়গা ক্রয় করা হয়েছে। আগামীতে পুরতন ভবনটি ভেঙ্গে সুবিশাল ভবন তৈরীর মাধ্যমে একটি আধুনিক একাডেমী ভবন গড়ে তোলার উদ্যোগ নেয়া হয়েছে। ব্যতিক্রমী এই উদ্যোগে ইমিধ্যেই যারা আর্থিক অনুদান দিয়ে বা কর্জে হাসানা দিয়ে সহযোগিতা করেছেন সেইসব দাতাদের সম্মানে গত ৪ অক্টোবর শনিবার সন্ধ্যায় একাডেমী ভবনে ‘ডোনার অ্যাপ্রিসিয়েশন ডিনার’ পার্টিও আয়োজন করা হয়।





অনুষ্ঠানে কাফিস প্রতিষ্ঠার প্রেক্ষাপট, পরিকল্পনা আর ভবিষ্যত কর্মসূচী স্লাইড শো’র মাধ্যমে তুলে ধরেন মুনা’র সাবেক ন্যাশনাল প্রেসিডেন্ট ও কাফিস-এর জ্যামাইকা শাখার ট্রাষ্টিবোর্ডের চেয়ারম্যান হারুন-অর রশীদ। একাডেমীটি প্রতিষ্ঠায় সবার অব্যাহত সহযোগিতা কামনা করে বক্তব্য রাখেন মুনা’র ন্যাশনাল সেক্রেটারী আরমান চৌধুরী, জ্যামাইকা মুসলিম সেন্টার পরিচালনা কমিটির সভাপতি ডা. মাহমুদুর রহমান তুহিন, ইকনা মার্কাস মসজিদ পরিচালনা কমিটির সভাপতি আব্দুল জব্বার, মুনা’র সাবেক ন্যাশনাল প্রেসিডেন্ট ও কাফিস-এর চেয়াম্যান মোহাম্মদ নূরুজ্জামান, ইকনা মসজিদের ইমাম মওলানা সাইদুর রহমান, পার্কচেষ্টার ইসলামিক সেন্টারের ট্রাষ্টিবোর্ড মেম্বার মাহমুদুল হাসান, মুনা নিউইয়র্ক নর্থ জোনের সভাপতি রাশেদুজ্জামান, মুনা নিউইয়র্ক সাউথ জোনের সভাপতি মোহাম্মাদ এমদাদ উল্লাহ, মুনা লং আইল্যান্ড চ্যাপ্টারের সভাপতি আফজালুর নূর মুন, মুনা জ্যামাইকা ইস্ট চ্যাপ্টারের সভাপতি মাসুদ খান, মুনা জ্যামাইকা ওয়েস্ট চ্যাপ্টারের সেক্রেটারী শহীদুল ইসলাম প্রমুখ।

মুনা নর্থ জোনের সেক্রেটারী মমিনুল ইসলাম মজুমদারের অনুষ্ঠানটি পরিচালনা করেন। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন মওলানা তোহা আমীন খান এবং ইসলামী সঙ্গীত পরিবেশন করেন আরাফাত রহমান। বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, অনুষ্ঠানে উপস্থিত একজন নারী কাফিস প্রতিষ্ঠায় দেয়া তার ২০ হাজার ডলারের কর্জে হাসানা পুরোপুরি অনুদান হিসেবে ঘোষণা দেন। অপর একজন নারী তার সোনার গহনা দান করেন। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত অনেকে আর্থিক সহযোগিতা প্রদান করেন এবং সহযোগিতার আশ্বাস দেন।











মেয়র নির্বাচনে জোহরান মামদানীকে জেবিবিএ'র সমর্থন









শেষ পৃষ্ঠায় পর প্রধান উপদেষ্টা ব্যবসায়ী শাহ নেওয়াজ, জেবিবিএ প্রেসিডেন্ট গিয়াস আহমেদ ও সাধারণ সম্পাদক তারেক হাসান খান। অনুষ্ঠানের সঞ্চালনা করেন জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, সহ-সভাপতি মহিউদ্দিন দেওয়ান ও কামরুল ইসলাম, কমিউনিটি লিডার অ্যাটর্নি মইন চৌধুরী, রিয়েলটর নূরুল আজিম, কমিউনিটি এক্টিভিস্ট ইঞ্জিনিয়ার আব্দুস সোবহান ও তরিকুল ইসলাম মিঠু প্রমুখ।

অনুষ্ঠানে বক্তারা বলেন, দক্ষিণ এশিয়ার লোকজন যুক্তরাষ্ট্রে বিশেষ করে নিউইয়র্কে সুযোগ-সুবিধার দিক থেকে অনেক পিছিয়ে আছে। তাই তাদেরকে মূলধারায় মিশে যেতে হলে তাদের মধ্যে থেকেই মেয়র নির্বাচন করতে হবে।

মামদানি বলেন, নির্বাচনের মাত্র আর এক মাস বাকি। এখন সময় ইতিহাস তৈরি করার। নিউইয়র্কের মতো শহরে আমাদের মেয়র নির্বাচন করার। অন্য প্রার্থীর লোকজন নানা অপপ্রচার চালাচ্ছে, মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছে। কিন্তু আমাদের শুধু নিজেদের কাজ করে যেতে হবে। ভোটের মাধ্যমে নিজেদের প্রার্থী জয়ী করতে হবে। নিউইয়র্কের প্রথম মুসলিম মেয়র নির্বাচন করতে হবে। নিউইয়র্ককে সাশ্রয়ী শহর হিসেবে গড়ে তুলতে হবে। নিউইয়র্ককে সবার জন্য গড়ে তুলত হবে।

শাহনেওয়াজ বলেন, নিউইয়র্কের মেয়র নির্বাচনে বাংলাদেশীরা বড় ভূমিকা রাখতে পারে। তারা যাকে ভোট দেয় সেই মেয়র হয়। এর আগে এরিক এডামসকে বাংলাদেশিরা ভোট দিয়ে নির্বাচিত করেছে। এখন সময় মামদানির জন্য কাজ করার। মুসলিম মেয়র নির্বাচিত করার, এশিয় মেয়র নির্বাচিত করার, জনগনের মেয়র নির্বাচিত করার। তাই সব বাংলাদেশীকে ভোট দিতে হবে, অন্যকে ভোটদানে উৎসাহিত করতে হবে।









বাংলাদেশ সোসাইটির সাবেক কর্মকর্তাদের মিলনমেলায়

আয় ৪৮,৮০০ ব্যয় ৩৬,২৪০ ডলার

নিউইয়র্ক: বাংলাদেশ সোসাইটির সাবেক কর্মকর্তাদের বিশেষ সভা জ্যামাইকার একটি রেস্টুরেন্টে গত ৬ অক্টোবর সোমবার অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সাবেক কর্মকর্তাদের মিলনমেলা ২০২৫ এর আহবায়ক ডা. ওয়াদুদ ভূঁইয়া। সভা পরিচালনা করেন সদস্য সচিব বাবুল চৌধুরী এবং সহযোগিতা করেন প্রধান সমন্বয়ক মোহাম্মদ জামান তপন।

সভায় গত ২৪ আগস্ট লাগোর্ডিয়া মেরিয়টে অনুষ্ঠিত মিলনমেলায় আয়-ব্যয়ের হিসাব প্রকাশ করা হয়। কোষাধ্যক্ষ একেএম নুরুল হক চূড়ান্ত হিসাব দেন। মিলনমেলায় ২২০ জনের জন্য আয়োজন করা হয়েছিল। অনুষ্ঠানের জন্য রেজিস্ট্রেশন ও বিজ্ঞাপন বাবদ আয় হয় ৪৮ হাজার ৮০০ ডলার। সবমিলিয়ে মোট ব্যয় হয় ৩৬ হাজার ২৪০ ডলার, সঞ্চয় হয়েছে ১২ হাজার ৫৬০ ডলার যা বর্তমানে ফান্ডে (ব্যাংক একাউন্ট) জমা আছে। কোষাধ্যক্ষের চূড়ান্ত হিসেবে উপস্থিত সকল কর্মকর্তা সন্তুষ্টি প্রকাশ করেন।

এছাড়াও সভায় সফলতা ও কিছু ত্রুটি-বিচ্যুতি ও আগামীদিনে করনীয় কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। আলোচনায় উপস্থিত কর্মকর্তারা মিলনমেলা অনুষ্ঠানটি সফল হয়েছে বলে মনে করেন এবং এজন্য আয়োজক কমিটিকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সেই সাথে যেসকল ভুলত্রুটি হয়েছে, আগামীতে সেগুলোর যেন পুনরাবৃত্তি না ঘটে তার জন্য অনুরোধ জানান।

সভায় সর্বসম্মতিক্রমে আগামী বছর আউটডোর মিলন মেলা-২০২৬ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। এব্যাপারে পরবর্তী সভায় প্রস্তুতি কমিটি গঠন করা হবে। সভায় যারা রেজিস্ট্রেশন করেছেন তাদের ও যারা বিজ্ঞান ও অনুদান দিয়েছেন তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন এবং সকল প্রিন্টিং ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকদের প্রতি আন্তরিক ধন্যবাদ জানানো হয়।

সভায় অন্যান্যের মধ্যে আলোচনায় অংশ নেন সাবেক সহ-সভাপতি নজরুল ইসলাম, সাবেক সহ-সভাপতি মনিরুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক রুহুল আমিন সিদ্দিকী, সাবেক সহ সাধারণ সম্পাদক সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, সাবেক সহ সাধারণ সম্পাদক ওসমান চৌধুরী, সাবেক সাংস্কৃতিক সম্পাদক মোশাররফ হোসেন, সাবেক সাংস্কৃতিক সম্পাদক ডা. শাহনাজ আলম লিপি, সাবেক নাট্য সম্পাদক শেখ সিরাজ, সাবেক কার্যকরী কমিটির সদস্য সাইফুল্লাহ ভূঁইয়া, সাবেক কার্যকরী কমিটির সদস্য জে মোল্লা সানি, সাবেক কার্যকরী কমিটির সদস্য সরোয়ার খান বাবু প্রমুখ। -প্রেস বিজ্ঞপ্তি।











অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো

Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- গ্রীনকার্ড পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- ক্রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাণিজ্যিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
